www.facebook.com/purbottar

Bengali fortnightly newspaper

www.purbottar.in

পৃষ্ঠা-৭



মোদি সরকারকে একহাত করলেন প্রাক্তন অর্থমন্ত্রী পি চিদম্বরম

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

RNI No. 71057/96

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, লেখা, চিত্র আমাদের contact@purbottar.in-এ ই-মেইল অথবা, 95932 00246 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273458

বর্ষঃ ২৫, সংখ্যাঃ ১৪, কোচবিহার, শুক্রবার, ১৬ জুলাই - ২৯ জুলাই ২০২১, পৃষ্ঠা সংখ্যাঃ ৮ | Vol:25, Issue: 14, Cooch Behar, Friday, 16 July - 29 July 2021, Page: 8 ₹ 3.00




# নিশীথ প্রামাণিকঃ নক্ষত্রের উত্থান নাকি ধূমকেতু?

**কোচবিহার:** কথায় আছে ভাগ্য সাহসীদের সঙ্গ দেয়। সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী হওয়া নিশীথ প্রামাণিকের জীবনগাঁথার ছত্রে ছত্রে তা মিলে যায়। বিগত লোকসভা নির্বাচনের প্রাক্কালে এই রাজ্যে তৃণমূল কংগ্রেসের ঘর ভাঙ্গাতে তৎপর ছিল বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব। সেইসময় কোচবিহার জেলার তৃণমূলের এক প্রবীন বিক্ষুব্ধ নেতার মাধ্যমে বেশ কয়েকজন যুবনেতা বিজেপির সাথে তলে তলে যোগাযোগ রাখছিল বলে খবর ছড়ায়। কথিত, সেইসময় দিল্লীতে অমিত শাহের সাথে নাকি গোপনে বৈঠকও সারেন এঁদের অনেকেই। বিজেপি নাকি সেইসময় তৃণমূলের এক রাজবংশী যুবনেতাকে কোচবিহারে পদ্ম প্রতীকে নির্বাচনে লড়াই করার প্রস্তাবও দেয়। কিন্তু শেষমুহুর্তে ওই নেতা পিছিয়ে আসায় প্রস্তাব যায় ডাকাবুকো নিশীথের কাছে। তৃণমূল কংগ্রেস থেকে বহিস্কৃত এবং প্রকৃতই কোণঠাসা হয়ে থাকা অবস্হায় সেই প্রস্তাব একরকম নাকি লুফেই নেন নিশীথ। সম্ভবতঃ তার চাইতে দামী কোনও বিকল্পও তাঁর ছিলনা। আর নির্বাচনে দাঁড়িয়ে অলআউট খেলে তৃণমূলের তৎকালীন গড়ে জোড়াফুল প্রার্থী পরেশ অধিকারীকে পরাজিত করেন তিনি। সেই যাত্রাপথ ধরেই এবারে তিনি হলেন দেশের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী। ভেটাগুড়ির 'বিট্টু' থেকে অমিত শাহের ডেপুটি হওয়ায় রাজনীতির অলিন্দে "নিশীথ" নামক নতুন নক্ষত্রের জন্ম নিল নাকি ধূমকেতুর মতই ভবিষ্যতের গর্ভে মিলিয়ে যাবেন বিতর্কিত এই নেতা? কোচবিহারের সাংসদের কেন্দ্রীয় মন্ত্রী হওয়ার পর থেকে সেই আলোচনা চলছে জোরকদমে।

পৃষ্ঠা -৭










## দিনহাটার প্রাক্তন তৃণমূল কংগ্রেসের বিধায়ক উদয়ন গুহ নাকি 'কুখ্যাত দুষ্কৃতী'!

**কোচবিহারঃ** দিনহাটার প্রাক্তন তৃণমূল কংগ্রেসের বিধায়ক উদয়ন গুহ নাকি 'কুখ্যাত দুষ্কৃতী'। জাতীয় মানবাধিকার কমিশন তাদের দেওয়া রিপোর্টে এই ভাবেই উল্লেখ করেছে দিনহাটার প্রাক্তন বিধায়কের নাম। আর মানবাধিকার কমিশনের এই রিপোর্ট কে ঘিরে তোলপাড় কুচবিহার।

এর পাল্টা প্রতিক্রিয়া দিয়েছেন উদয়ন বাবু। তিনি বলেন, বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর আমি আক্রান্ত হই। যাদের হাতে আক্রান্ত হই সেই দুষ্কৃতীদের বাড়ি মানবাধিকার কমিশন ঘুরে গেছেন, অথচ সেখান



থেকে ঢিলছোড়া দূরত্বে আমার বাড়ি সেখানে আসতে পারেনি সেই কমিশনের সদস্যরা। দিনহাটার মানুষ জানে আমি কেমন আমি, এই কমিশন কি রিপোর্ট দিল তাতে কিছু যায় আসে না।

উদয়ন গুহ ছারাও কমিশনের রিপোর্টে 'কুখ্যাত দুষ্কৃতী'র তালিকায় নাম রয়েছে জ্যোতিপ্রিয় মল্লিক, শেখ সুফিয়ান থেকে পার্থ ভৌমিক, শওকত মোল্লা, জীবন সাহা, খোকন দাস মতো রাজ্যের একাধিক মন্ত্রী, বিধায়ক-সহ একাধিক তৃণমূল নেতার। তারা এই রিপোর্টকে উদ্দেশ্যপ্রণোদিত-একতরফা বলে মন্তব্য করেছেন।

## শিলিগুড়িতে রেশন কেলেঙ্কারি রোখার আশ্বাস রাজ্যের খাদ্যমন্ত্রী রথীন ঘোষের



**শিলিগুড়ি:** শিলিগুড়িতে কিছুদিন ধরেই রেশন কেলেঙ্কারি নিয়ে খুব সমস্যা দেখা যাচ্ছে। সংবাদ মাধ্যমে ধারাবাহিকভাবে এই ঘটনার কথা সামনে আসায় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন রাজ্যের খাদ্যমন্ত্রী রথীন ঘোষ। সরকারি ১০০% ভর্তুকিতে রাজ্যবাসীকে খাদ্য সামগ্রী দেওয়া হচ্ছে কিন্তু কিছু সেই খাদ্যপণ্য চুরি করে বিক্রি করে কেউ মুনাফা লুটবে এটা বরদাশ্‌ত করা হবে না। এর পেছনে যত প্রভাবশালীই হোক না কেন তার ব্যবস্থা নেওয়া হবে।

দীর্ঘদিন ধরে নেওয়া নন ওয়ার্কার খাতে বরাদ্দ রেশন সামগ্রী চুরি করে সম্পূর্ণটাই খোলাবাজারে বিক্রি হয় বলে অভিযোগ করা হয়েছে। প্রত্যেকটি পরিবারে চাল, ডাল, আটা মিলিয়ে ৩৫ কেজি করে বরাদ্দ দেওয়া হয়েছে। এর পাশাপাশি কেরোসিন তেল পায়। কিন্তু কোন কিছুই সরকারের ভর্তুকিতে দেওয়া সামগ্রী তাদের কাছে পৌঁছায় না। পুরোটাই খাদ্য দপ্তরের গুদাম থেকে ডিস্ট্রিবিউটর এর মাধ্যমে সরাসরি খোলা বাজারে চলে যায়। অর্থাৎ একটি পরিবারের বরাদ্দ চুরি করে চক্রটি প্রায় হাজার টাকা মুনাফা করছে।

নন ওয়ার্কার খাতে বরাদ্দ চুরি কাণ্ডের মূল কারিগর বিমল রায় এতটাই প্রভাবশালী যে সবাই সবকিছু জেনেও টু শব্দটিও করে না। রাজ্যে দায়িত্বপ্রাপ্ত খাদ্যমন্ত্রী রথীন ঘোষের সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, এ ব্যাপারে আমি খবর পেয়েছি। যদি রেশন কেলেঙ্কারি হয়ে থাকে তাহলে তার দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

## এই প্রথমবার দিল্লির বুকে হতে চলেছে শহিদ দিবস

**কলকাতা:** তৃতীয়বার রাজ্যের মুখ্যমন্ত্রী হয়ে ফেরার পর থেকেই তার নজর দিল্লির দিকে। রাজ্য থেকে এবার দিল্লি যাওয়ার স্বপ্ন। তাই এবার সব রকমভাবে চেষ্টা করছে রাজ্যের শাসকদল। সামনের লোকসভা ভোটকে পাখির চোখ করে এবার দিল্লিতেও পালিত হবে ২১ জুলাই 'শহিদ দিবস'। তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাষণ দিল্লি পর্যন্ত পৌঁছে দেওয়ার পরিকল্পনা চলছে। এই প্রথম রাজধানীর বুকে দাঁড়িয়ে ২১ জুলাই পালন করতে চলেছে পশ্চিম বাংলার শাসক দল।



জানা গিয়েছে, লোকসভা ও রাজ্যসভার তৃণমূল সাংসদরা দিল্লিতে তৃণমূল কংগ্রেসের কার্যালয়ের বাইরে ২১ জুলাই পালন করবেন। ওই দিন কলকাতা থেকে ভার্চুয়ালি বক্তব্য রাখবেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেই বক্তব্য জায়ান্ট স্ক্রিনের মাধ্যমে দিল্লিতেও দেখাবেন সাংসদরা। তৃণমূল সাংসদদের বক্তব্য, করোনা পরিস্থিতিতে তাঁদের পক্ষে কলকাতায় ফেরা সম্ভব নয়। তাই দিল্লিতেই ২১ জুলাই পালন করার সিদ্ধান্ত।

উল্লেখ্য, গত বছরেও করোনা পরিস্থিতি ছিল। কিন্তু গতবার দিল্লিতে সাংসদরা শহিদ দিবস পালন করেননি। এবারই প্রথম এই সিদ্ধান্ত। তৃণমূলের এই সিদ্ধান্তকে যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে রাজনৈতিক মহল। তবে শুধু দিল্লি নয়, পাশাপাশি অসম, ত্রিপুরা ও উত্তর প্রদেশেও ২১ জুলাই পালন করবে তৃণমূল। যেখানে যেখানে দলের সাংগনিক শক্তি রয়েছে সেখানে সেখানই পালন করা হবে শহিদ দিবস। এমনই নির্দেশ দেওয়া হয়েছে দলের তরফে।


## আসতে চলেছে করোনার তৃতীয় ঢেউ সতর্ক করা হলো কেন্দ্রের তরফে

**নিউজডেস্ক:** সবে মাত্র কিছুদিন যাবৎ করোনার দ্বিতীয় ঢেউ থেকে ধীরে ধীরে সুস্থ হচ্ছে দেশ। এরইমাঝে চোখ রাঙাচ্ছে করোনার তৃতীয় ঢেউয়ের আশঙ্কা। আগামী কয়েক মাসের মধ্যে দেশে ধেয়ে আসতে পারে করোনার তৃতীয় ঢেউ, আশঙ্কা বিশেষজ্ঞদের। করোনার তৃতীয় ঢেউয়ের ভ্রূকুটির মধ্যেই বেপরোয়া পর্যটকদের ভিড় উপচে পড়ছে হিল স্টেশনগুলিতে। পাহাড়ি এলাকায় সেই ভিড়ের ছবি-ভিডিওগুলি ভাইরাল হতেই নড়েচড়ে বসেছে স্বাস্থ্য মন্ত্রক। এই পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করেছেন চিকিৎসকরা। ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন সতর্ক করে জানিয়েছে, বিশ্বে অতিমারীর ইতিহাস ও তথ্যপ্রমাণ থেকে স্পষ্ট করোনার তৃতীয় তরঙ্গ অবশ্যম্ভাবী।

তৃতীয় ঢেউ রোখার আগাম প্রস্তুতিতে ১৩ জুলাই উত্তর-পূর্ব ভারতের মুখ্যমন্ত্রীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করলেন প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী। টিকাকরণ, জমায়েতে করোনাবিধি বাধ্যতামূলক করার মতো বিষয়ে এদিন আলোচনা করেন সেদিন। বৈঠকে তিনি কেন্দ্র-রাজ্য একসঙ্গে কাজ করার কথা বলেছেন। জনসাধারণের উদ্দেশ্যে বলেন তৃতীয় ঢেউ রুখতে সংক্রমণ প্রতিরোধই সবথেকে বড় দাওয়াই।

# সানহার্ট গ্রুপের জয়েন্ট ভেঞ্চার

**শিলিগুড়ি:** সানহার্ট গ্রুপ ও অজন্তা ওরিভা গ্রুপ এক যৌথ উদ্যোগের মাধ্যমে ভারতের বৃহত্তম ভিট্রিফায়েড টাইলস কারখানা স্থাপন করতে চলেছে। এর ফলে ৭৫০ জনেরও বেশি মানুষের প্রত্যক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। জিএসটি ও ফোরেক্সের মাধ্যমে এই কারখানা দেশের জিডিপি'তেও অবদান রাখবে। সানশাইন টাইলস কোম্পানি প্রাইভেট লিমিটেডের 'সানহার্ট ব্র্যান্ড' ভারতের সেরামিক ইন্ডাস্ট্রিতে ষষ্ঠ নতুনতম ব্র্যান্ড। সানহার্ট একনাগাড়ে




৫ বছর ধরে ভারতীয় সেরামিক ইন্ডাস্ট্রির এক নম্বর রপ্তানিকারক এবং দেশের প্রথম ৩-স্টার এক্সপোর্ট হাউস।

সানহার্ট গ্রুপের চেয়ারম্যান মি. ভুদারভাই জানান, মি. জয়সুখভাই ভালোদিয়ার নেতৃত্বাধীন অজন্তা ওরিভা গ্রুপের সঙ্গে তাদের এই যৌথ উদ্যোগ এবং তাদের গুজরাটের সমাখিয়ালির বিশাল কারখানা ভারতের টাইলস ইন্ডাস্ট্রিতে ইতিহাসের সূচনা করবে। সানহার্ট গ্রুপ ধাপে ধাপে বিনিয়োগ করবে টাইলস, স্যানিটারিওয়্যার ও বাথওয়্যারে। কোম্পানির লক্ষ্য হল আগামী ৩ বছরে ১০০০ কোটি টাকার ও আগামী ৫ বছরে ১৫০০ কোটি টাকার টার্নওভার অর্জন করা।

# শার্পের নতুন মাল্টিফাংশন প্রিন্টার




**কলকাতা:** কোম্পানির এ৪ কলার লাইন-আপে সংযোজন ঘটিয়ে শার্প বিজনেস সিস্টেমস (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড লঞ্চ করল একটি নতুন কম্প্যাক্ট কলার মাল্টিফাংশন প্রিন্টার। নতুন এ৪ এমএফপি 'এমএক্স-সি৩৫৭এফ' দেবে একগুচ্ছ প্রোডাক্টিভিটি ফাংশন, বেস্ট-ইন-ক্লাস সিকিউরিটি এনহ্যান্সমেন্টস ও একটি ইনটুইটিভ ইউজার ইন্টারফেস। গ্রাহকদের জন্য বিশেষভাবে ডিজাইন করা হাই-স্পীড ও সাশ্রয়ী ৪-ইন-১ এমএফপি 'এমএক্স-সি৩৫৭এফ'-এ রয়েছে অ্যাডভান্সড পারফর্ম্যান্স ও সিকিউরিটি ফিচার্সের এমন রেঞ্জ যা প্রোডাক্টিভিটি ও এফিসিয়েন্সি বাড়িয়ে দেয়। 'এমএক্স-সি৩৫৭এফ' এনে শার্প কলার এ৪ ও এ৩ কম্বিনেশনের এক নতুন লাইন-আপ সৃষ্টি করেছে। 'এমএক্স-সি৩৫৭এফ'-এর এমআরপি হল ১,০১,৪৭৮ টাকা। এটি সরাসরি বা অথরাইজড পার্টনারদের মাধ্যমে ক্রয় করা যাবে।

শার্পের নতুন এমএফপি বর্ধনশীল ব্যবসায়িক সংস্থা এবং এসএমই, ফ্রন্ট ডেস্ক, বিএফএসআই, এনবিএফসি, হসপিটাল, প্যাথলজি ল্যাব, ওয়ার্ক গ্রুপ প্রিন্টার্স, রিটেল, ওয়ার্ক ফ্রম হোম ও ম্যানুফ্যাকচারিং সেগমেন্টের জন্য উপযোগী।

# এশিয়ান গ্রানিটো'র ২২৫ কোটি টাকার রাইটস ইস্যু

**কলকাতা:** ভারতের অন্যতম অগ্রণী টাইলস কোম্পানি এশিয়ান গ্রানিটো ইন্ডিয়া লিমিটেড ২০২২ অর্থবর্ষে তাদের বৃদ্ধির গতি অব্যাহত রাখতে সচেষ্ট। চলতি অর্থবর্ষে কোম্পানির রেভিনিউ ও মার্জিন বৃদ্ধিতে গতিসঞ্চার করছে 'লো ক্যাপেক্স' ও 'অ্যাসেট লাইট মডেল'-সহ স্ট্র্যাটেজিক গ্রোথ ইনিশিয়েটিভস, অপারেশনাল এফিসিয়েন্সিস, ফিনান্সিয়াল প্রুডেন্স, জিওগ্রাফিক্যাল ও প্রোডাক্ট এক্সপানশন। সম্প্রতি এই কোম্পানি ২২৫ কোটি টাকার একটি রাইটস ইস্যু ঘোষণা করেছে, যা থেকে সংগৃহিত অর্থ ব্যয়িত হবে 'ডেট'হ্রাস ও 'এক্সপানশন' ঘটানোর কাজে।




২০২১ অর্থবর্ষের ৪র্থ ত্রৈমাসিকে নেট সেলসের ক্ষেত্রে এশিয়ান গ্রানিটোর বৃদ্ধি ঘটেছে ৬৮ শতাংশ, ইবিআইটিডিএ-তে বৃদ্ধি ১০০ শতাংশ ও ইয়ার-অন-ইয়ার নেট প্রফিট বৃদ্ধি হয়েছে ১৮১ শতাংশ। ২০২১ অর্থবর্ষের ৪র্থ ত্রৈমাসিকে এক্সপোর্ট বৃদ্ধি হয়েছে ৪২ শতাংশ এবং ডোমেস্টিক ও ইন্টারন্যাশনাল মার্কেটে চাহিদা বৃদ্ধি হওয়ায় কোম্পানির 'অ্যাভারেজ ক্যাপাসিটি ইউটিলাইজেশন' ছিল ৯৫ শতাংশ। অপারেশনাল এফিসিয়েন্সি, ফিনান্সিয়াল প্রুডেন্স ও হেলদি প্রোডাক্ট মিক্স-এর উন্নতি হওয়ায় কোম্পানির ইবিআইটিডিএ মার্জিন ৯.৫ শতাংশ বেড়েছে ২০২১-এর মার্চে সমাপ্ত ত্রৈমাসিকে।

উল্লেখ্য, এশিয়াল গ্রানিটো ইন্ডিয়া লিমিটেডের বিশাল প্রোডাক্টস রেঞ্জে রয়েছে সেরামিক ফ্লোর, ডিজিটাল ওয়াল, ভিট্রিফায়েড, পার্কিং, পোর্সেলিন, গ্লেজড ভিট্রিফায়েড, আউটডোর, ন্যাচারাল মার্বল, কম্পোজিট মার্বল ও কোয়ার্টজ, ইত্যাদি।

# আরএইচ নেগেটিভ ব্লাড গ্রুপের মহিলাদের ঝুঁকি বেশি

**শিলিগুড়ি:** আরএইচ নেগেটিভ ব্লাড টাইপ সম্পন্ন সন্তানসম্ভবা মহিলাদের আরএইচ ইনকম প্যাটিবিলিটি সংক্রান্ত ঝুঁকি অনেক বেশি। চিকিৎসা না করা হলে আরএইচ ইনকমপ্যাটিবল প্রেগন্যান্সির কারণে প্রেগন্যান্সি লস, ফেটাল অ্যানিমিয়া, কঠিন জনডিস এমনকী নবজাতকের ব্রেন ড্যামেজ হতে পারে। রামকৃষ্ণ আইভিএফ সেন্টারের ডিরেক্টর ডাঃ জিবি দাস (এমডি, এফআইসিএস, এফআইসিওজি) বলেন, যখন আরএইচ নেগেটিভ ব্লাড টাইপের মহিলারা আরএইচ পজিটিভ শিশু গর্ভে ধারণ করেন তখন আরএইচ ইনকমপ্যাটিবিলিটি দেখা দেয়।

সন্তানসম্ভবা মায়ের 'ইমিউন রেসপন্স'



প্রায়শই সমাপ্ত হয় 'ফোয়েটাল আরবিসি' ধ্বংসের মধ্য দিয়ে, ফলে ভ্রূণের অ্যানিমিয়া দেখা দেয়। কিছু ক্ষেত্রে এরফলে ভ্রূণের হাইড্রপসফেলাটিস, কার্ডিয়াক ফেলিয়োর হতে পারে অথবা নবজাতকের 'ইন্ট্রাইউটারাইন ফেটাল ডিমাইজ' বা মৃত্যুও হতে পারে। আরএইচ ইনকমপ্যাটিবিলিটি'র কারণে নবজাত শিশুর জটিল জনডিস হতে পারে, যার ফলে কার্নিকটেরাস এমনকী ব্রেন ড্যামেজ হয়। তাই সকল সন্তানসম্ভবা মায়েদের পরীক্ষা করে নিশ্চিত হওয়া উচিত যে তাদের আরএইচ ইনকমপ্যাটিবিলিটি হওয়ার আশঙ্কা আছে কীনা। সেরকম হলে সময়ে উপযুক্ত চিকিৎসা করা উচিত।

# নতুন ক্যাম্পেন শুরু করল 'ভি'

**শিলিগুড়ি:** 'ভি হিরো আনলিমিটেড প্ল্যানস'কে সামনে রেখে অগ্রণী টেলিকম সার্ভিস প্রোভাইডার 'ভি' এক নতুন ক্যাম্পেন শুরু করল জনপ্রিয় অভিনেতা বিনয় পাঠককে সঙ্গে নিয়ে। এই ক্যাম্পেনে তুলে ধরা হয়েছে ভি হিরো আনলিমিটেড প্ল্যানস কিভাবে প্রিপেড গ্রাহকদের ডেটা কোটা শেষ হয়ে যাওয়ার সমস্যা থেকে রেহাই দেয়। ক্যাম্পেনে গুরুত্ব পেয়েছে ভি হিরো আনলিমিটেড প্ল্যানস-এর তিনটি বৈশিষ্ট্য উইকএন্ড ডেটা রোলওভার, নাইটটাইম ফ্রী ডেটা (রাত ১২টা থেকে সকাল ৬টা) ও ডাবল ডেটা। ভি ৪জি নেটওয়ার্কের গিগানেট কিভাবে ভি হিরো আনলিমিটেড প্ল্যানস-র মাধ্যমে গ্রাহকদের সুবিধা দেয় তা গ্রাহকরা বিশদে জানতে পারবেন এই ক্যাম্পেন থেকে।




ছয় সপ্তাহের এই ক্যাম্পেনে দুইটি টিভিসি থাকছে। ভি হিরো আনলিমিটেড প্ল্যানস-এর সুবিধা পাওয়ার জন্য গ্রাহকদের শুধু ২৪৯ টাকার বা ততোধিক টাকার রিচার্জ করতে হবে।

# কোলগেট বেদশক্তি ও সুদর্শন পট্টনায়েকের যৌথ উদ্যোগ




**শিলিগুড়ি:** জগন্নাথদেবের রথযাত্রা উপলক্ষে কোলগেট-পামোলিভ লিমিটেড আন্তর্জাতিক বালু শিল্পী এবং পদ্মশ্রী পুরস্কার প্রাপ্ত সুদর্শন পট্টনায়েকের সহযোগিতায় ওড়িশার পুরী সৈকতে কোলগেট বেদশক্তি টুথপেস্টের জন্য একটি বিস্ময়কর বালি ভাস্কর্য তৈরি করেছে। বালি ভাস্কর্যটি সৃজনশীলভাবে সামগ্রিক স্বাস্থ্য ও কল্যাণের জন্য মুখের স্বাস্থ্য কীভাবে অপরিহার্য তার গুরুত্বপূর্ণ বার্তা বহন করবে। মুখের স্বাস্থ্য শিক্ষা এবং সামগ্রিক স্বাস্থ্যের উপর এর প্রভাবকে তুলে ধরার জন্য কোলগেটের নিরন্তর প্রচেষ্টার এটি একটি অংশ।

কোলগেট বেদশক্তি শক্তিশালী আয়ুর্বেদিক উপাদানগুলির একটি অনন্য মিশ্রণের টুথপেষ্ট। কোলগেট বেদশক্তিতে রয়েছে লবঙ্গ, মধু, তুলসী, নিম এবং আমলার মতো উপাদানগুলির মিশ্রন, যা মুখের ও সামগ্রিক স্বাস্থ্য বজায় রাখতে সহায়তা করে।

# অতুল অটো লিমিটেডের উদ্যোগ

**কলকাতা:** অতুল অটো লিমিটেড এক পার্টনারশিপ গড়ে তুললো সিএসসি ই-গভার্নেন্স সার্ভিসেস ইন্ডিয়া লিমিটেডের ই-কমার্স ইনিশিয়েটিভ 'সিএসসি গ্রামীণ ইস্টোর'-এর সঙ্গে। অতুল অটো লিমিটেড হল প্রথম থ্রী-হুইলার ওইএম যারা এরকম উদ্যোগে শামিল হলো। এর উদ্দেশ্য হল গ্রামীণ এলাকায় ডিজিটাল অর্ডারিং ও ডেলিভারি ব্যবস্থার উন্নতি ঘটানো। এই পার্টনারশিপের আওতায় অতুল অটোর প্রোডাক্ট রেঞ্জ সিএসসি গ্রামীণ ইস্টোরের তালিকায় স্থান পাবে এবং গ্রামীণ এলাকায় গ্রাহকদের কাছে পৌঁছে যেতে পারবে ভিলেজ লেভেল এন্টারপ্রিনারদের (ভিএলই) মাধ্যমে।

যৌথ ডিজিটাল লঞ্চ অনুষ্ঠানটি সম্পন্ন



করেছেন ড. দীনেশ ত্যাগী (এমডি-সিএসসি এসপিভি), রাজা কিশোর (সিওও-সিএসসি গ্রামীণ ইস্টোর), নীরজ চন্দ্র (ডিরেক্টর, অতুল অটো লিমিটেড) ও পুষ্কর সিনহা (ভিপি সেলস অ্যান্ড মার্কেটিং, অতুল অটো লিমিটেড)।

# ট্যালি এমএসএমই অনার্সে গুয়াহাটির সংস্থার জয়

**গুয়াহাটি:** আসামের রাজধানী গুয়াহাটির প্রাইড ইস্ট এন্টারটেইনমেন্টস, সতী চা সংস্থা, নিউটেক কম্পিউটার এবং ভোগালী জলপান ট্যালি এমএসএমই অনার্স ২০২১ এর প্রথম সংস্করণে জয়লাভ করেছে। এই সম্মানটি আন্তর্জাতিক এমএসএমই দিবস (২৭ শে জুন) উপলক্ষে এখন থেকে বছরে একবার দেওয়া হবে এবং ২৫০ কোটি টাকার কম টার্নওভার এবং বৈধ জিএসটি রেজিস্ট্রেশন থাকা সব ব্যবসায়িক প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য।

প্রাইড ইস্ট এন্টারটেইনমেন্টের 'ওয়ান্ডার উইমেন' বিভাগে রিনিকি ভূঁইয়া শর্মা স্যাটেলাইট টেলিভিশন নেটওয়ার্ক বিভাগে অসাধারণ কাজের জন্য এবং জাতীয় প্রেক্ষাপটে পুরো উত্তর-পূর্ব ভারতকে তুলে ধরার লক্ষ্যে প্রথম রিজোনাল স্যাটেলাইট টেলিভিশন নেটওয়ার্ক হয়ে ওঠার জন্য সম্মানিত হয়। প্রাইড ইস্ট এন্টারটেইনমেন্ট পাঁচটি টিভি চ্যানেল পরিচালনা করে যার প্যান ইন্ডিয়ার উপস্থিতি রয়েছে এবং সমস্ত ডিটিএইচ প্ল্যাটফর্ম জুড়ে উপলব্ধ। মহামারীকালীন সময়ে সতী চা সংস্থার সিইও প্রিয়ঙ্ক জালানকে 'সোশ্যাল পাট্রন' বিভাগে সম্মানিত করা হয়েছে, যা তাদের মুনাফার ১০% জনসেবা লাভের জন্য ব্যয় করেছে। প্রথম সংস্করণে ট্যালি এমএসএমই অনার্স আসামের মোট ৪ টি এবং সারা দেশের মোট ৮১ এমএসএমই-কে স্বীকৃতি দিয়েছে।

## রিলায়েন্স ইন্স্যুরেন্সের সুপার টপ-আপ পলিসি

RELIANCE Health Insurance

**আগরতলা:** রিলায়েন্স জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড রিলায়েন্স হেলথ সুপার টপ-আপ বীমা পলিসি চালু করেছে। রিলায়েন্স হেলথ সুপার টপ-আপ পলিসিটি ৫ লক্ষ থেকে ১.৩ কোটি টাকার বীমা কভারেজের সাথে পাওয়া যাবে। যখন চিকিত্সা ব্যয় স্ট্যান্ডার্ড কভারের বাইরে চলে যায় এবং গ্রাহকদের ব্যয় বেড়ে যায় তখন এই স্বাস্থ্য কভারেজ সাহায্য করবে। পলিসিটি পৃথক বা পারিবারের সবার জন্য নেওয়া যেতে পারে, ১ থেকে ৩ বছরের মেয়াদে। পলিসিটিতে প্রথমবারের ক্রেতাদের জন্য বিশেষ ছাড়ও দেওয়া হয়েছে।

## নেক্সস্টগো কোম্পানি অংশীদারদের জন্য বার্ষিক সভা

NEXSTGO

**কলকাতা:** হংকং ভিত্তিক সংস্থা নেক্সস্টগো কোম্পানী লিমিটেড পশ্চিমবঙ্গে বার্ষিক অংশীদারদের জন্য একটি সভার আয়োজন করেছে। অংশীদারদের সাথে একাত্মবোধ উন্নত করার জন্য এই বার্ষিক সভার আয়োজন। দুর্গাপুরের ফরচুন পার্ক পুষ্পঞ্জলিতে এই সভা ব্র্যান্ডের গ্রাহকদের উৎসাহিত করার জন্য বিশেষভাবে সংগঠিত হয়।


সমস্ত কোভিড -১৯ প্রোটোকল মেনে এই সভার আয়োজন করা হয়েছিল এবং এর মূল লক্ষ্য ছিল পশ্চিমবঙ্গে ভায়ো এবং এভিটা, দুটি ল্যাপটপেরই ব্রান্ডের প্রমোশন এবং স্বীকৃতি বাড়াতে সহায়তা করা। প্রোডাক্টদুটির গুণগত মান আরো বেশি করে জনসমক্ষে তুলে ধরা, বিশেষ করে যখন বাজারের অংশীদারিত্ব অর্জনের জন্য প্রতিযোগিতা বেড়েই চলেছে।

## অ্যামাজন ফুলফিলমেন্ট নেটওয়ার্ক সম্প্রসারণ

amazon.in

**কলকাতা:** অ্যামাজন ইন্ডিয়া গত বছরের তুলনায় তার বিজনেস প্রায় ৪০% বাড়িয়ে ভারতে তার ফুলফিলমেনট নেটওয়ার্ক সম্প্রসারণের পরিকল্পনার কথা ঘোষণা করেছে। এই সম্প্রসারণের মাধ্যমে অ্যামাজনের ১৫ টি রাজ্য জুড়ে ৪৩ মিলিয়ন স্কোয়ার ফুটের বেশি স্টোরেজ ক্ষমতা থাকবে এবং এই ব্যবস্হা ভারত জুড়ে প্রায় সাড়ে ৮ লাখ বিক্রেতাকে সহযোগিতা করবে।এই মুহূর্তে অ্যামাজন ভারতে ৬০টিরও বেশি ফুলফিলমেন্ট কেন্দ্র এবং ২৫ টিরও বেশি বিশেষ কেন্দ্রের মাধ্যমে ভারত জুড়ে প্রতিদিনের প্রয়োজনীয় কাজ চালাচ্ছে এবং সেই ব্যবস্হাকে উন্নত জরতে আরো ১১ টি নতুন ফুলফিলমেন্ট কেন্দ্র ৯টি রাজ্যে সম্প্রসারণ করতে চলেছে।

অ্যামাজন ভারতের ফুলফিলমেন্ট নেটওয়ার্কের বিল্ডিংগুলি অত্যাধুনিক প্রযুক্তি এবং দক্ষ বিল্ডিং সিস্টেমগুলির সাহায্যে ডিজাইন করা হয়েছে যা প্রচলিত শক্তির ব্যবহারকে হ্রাস করে। ভবনগুলিতে সাইট এবং অফ-সাইট সোলার প্যানেল রয়েছে যা সৌর শক্তি তৈরী করে। বেশিরভাগ বিল্ডিংগুলিতে রেইন ওয়াটার কালেকশন ট্যাঙ্কের মতো ব্যবস্হাও রাখা হয়েছে।




# আড়ি পাতার আড়ি হবে কি?

বাক স্বাধীনতার অধিকার নাগরিক দের কাছে সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার। আর সেই অধিকার আজ প্রশ্ন চিহ্নের মুখে। আপনার অনুমতি ছাড়াই নজর দারী চলছে আপনার উপর। আর তা চলছে হয়ত বা সরকারের অঙ্গুলিহেলনে। নয়ত বা সরকারী ব্যর্থতায় কারোও ব্যক্তি স্বার্থ চরিতার্থ করার জন্য। সম্প্রতি আন্তর্জাতিক সংবাদমাধ্যম গুলি ভারত সহ বিশ্বের একাধিক দেশে বিভিন্ন ব্যক্তির উপর গোপন নজরদারী চালনো হচ্ছে বলে দাবি করে। ইজরায়েলের তৈরি পেগাসাস নামক একটি মারাত্বক স্পাইওয়ারের মাধ্যমে এই নজরদারী চালানো হচ্ছে। সাংবাদিক, মানবাধিকার কর্মী, বিরোধী দলের নেতানেত্রী এমনকি কেন্দ্রীয় একাধিক মন্ত্রীর মোবাইলে পেগাসাস দিয়ে নজর দারি চালানো হত। এই সংবাদ প্রকাশের পরে দেশ জুড়ে হইচই পরে যায়। এই রাজ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যেয়ের ভাইপো তথা সর্ব ভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারন সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও বিধানসভা নির্বাচনে তৃণমূলের সহযোগী প্রশান্ত কিশোর এই পেগাসাস আক্রমনের স্বীকার হই। ইজরায়েল ওই সংস্থা জানিয়েছে একমাত্র সরকারী এজেন্সিদের এই স্পাইওয়ার বিক্রি করা হয়। বিভিন্ন অপরাধমুলক কার্যকলাপ রোধে সরকারকে সহযোগীতা করার জন্য এটি তৈরি করা হয়েছে।

কিন্তু এই দেশে যেভাবে সরকার বিরোধী কন্ঠ রোধ করার জন্য এই অস্ত্র ব্যবহার করা হয়েছে তা অত্যন্ত বিপদজ্বনক। অনুমতি ছাড়াই নাগরিকদের উপর নজরদারী করে তাদের ব্যক্তি স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে। এক জন নাগরিক ব্যক্তি স্বাধীনতায় সরকারী অবাঞ্ছিত হস্তক্ষেপ কখনই গণতন্ত্রের পক্ষে শুভ লক্ষন নয়। মৌলিক এই অধিকারে আঘাত হানার এই চেষ্টা এই দেশের গণতান্ত্রিক সুমহাণ মর্যাদাকে আঘাত হানছে। দেশের স্বাধীনতা আন্দোলনের সময় স্বাধীনতা সংগ্রামীদের উপরে নজর দারী চালানো হত। সেই নজরদারী প্রচেষ্টা আবার করার হচ্ছে নাতো ? প্রশ্ন উঠছে জনমানসে। যদিও কেন্দ্রীয় সরকার পেগাসাসে নজর দারী চালানোর বিষয়টি অস্বীকার করেছে। ইতিমধ্যে রাজ্য সরকার পেগাসাস নিয়ে তদন্ত কমিটি তৈরি করেছে। কেন্দ্রের উপরে এই বিষয় নিয়ে চাপ বাড়াচ্ছে বিরোধীরা। লক্ষ লক্ষ মানুষের আন্দোলনের ফলে আমরা স্বাধীনতা পেয়েছি। আর আমাদের ব্যক্তি স্বাধীনতার রক্ষা কবচ সংবিধান দিয়েছে তা যেন বহাল থাকে। নাগরিক জীবনে অনধিকার অনুপ্রবেশ রুখতে সরকারকে কঠোর হওয়া প্রয়োজন। দোষীদের করা সাজা হলে জনমানসে সরকারের প্রতি আস্থা বাড়বে।

## উত্তরবঙ্গে আলোড়ন ফেলতে রাজ্যসভায় যাক রবি

আওয়াজ ওঠছে এবারে তবে রাজ্যসভায় পাঠানো হোক রবীন্দ্রনাথ ঘোষকে। রাজনীতির সূচনালগ্ন থেকে দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি রাজ্যের সাবেক মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষের আনুগত্য অগাধ। তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা লগ্নে উত্তরবঙ্গের কংগ্রেস নেতারা যখন মমতার সাথে আয়ারাম গয়ারাম সম্পর্ক রাখছিলেন তখন মমতার নেতৃত্বে অবিচল ভরসা ছিল রবি ঘোষের। সেই সময়ের তরতাজা যুবক রবির নেতৃত্বে আস্থা রেখেছিলেন মমতাও। অতএব ১৯৯৮ সালে তৃণমূল কংগ্রেস প্রতিষ্ঠার সময় দলের কোষাধ্যক্ষ করা হয় তাঁকে। দলের প্রতিষ্ঠা থেকে টানা ২২ বছর জেলা সভাপতির দায়িত্ব পালন করেন রবি ঘোষ। শুন্য থেকে শুরু করে কোচবিহারে তৃণমূল কংগ্রেসকে মহীরুহ করার পিছনে রবীন্দ্রনাথ ঘোষের অবদান অস্বীকার করতে পারেন না তাঁর বিরোধীরাও।

বলা হয় ২০১৯ সালে দলের অভ্যন্তরীণ কোন্দলের জন্য লোকসভা নির্বাচনে তৃণমূল প্রার্থী পরাজিত হয় কোচবিহারে। এরপরেই দলনেত্রীর নির্দেশে জেলা সভাপতি পদ থেকে ইস্তফা দেন তিনি এবং দলের অনুগত সৈনিক হিসেবে কাজ করতে থাকেন। ২০২১ বিধানসভা নির্বাচনে নাটাবাড়ি কেন্দ্র থেকে পরাজিত হন তিনি।

এদিকে এবারের বিধানসভা নির্বাচনে উত্তরবঙ্গে ভালো ফল করেছে বিজেপি। ২০২৪ সালের লোকসভাকে লক্ষ্য রেখে কোচবিহারের বিজেপি সাংসদ নিশীথ প্রামানিককে কেন্দ্রীয় মন্ত্রী করা হচ্ছে বলে খবর। এই পরিস্থিতিতে উত্তরে শক্ত হাতে তৃণমূলের রাশ ধরতে রাজ্যসভায় তাকে পাঠানো প্রয়োজন বলে রাজনৈতিক মহলের অনেকেই মনে করছেন। আর রবীন্দ্রনাথ ঘোষকে রাজ্যসভায় প্রেরণ মমতা বন্দ্যোপাধ্যায়ের পুরোনো বিশ্বস্ত এক সহযোদ্ধাকে একপ্রকার যোগ্য সম্মান প্রদর্শনই করাই হবে অনেকের বিশ্বাস। প্রাজ্ঞ এই নেতার রাজনৈতিক অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে উত্তরবঙ্গে হারানো জমি উদ্ধার পুনরুদ্ধার করাও সম্ভব হবে তৃণমূলের বলে রাজনৈতিক অভিজ্ঞ মহলের মত। দলের দুটি রাজ্যসভার আসন ফাঁকা থাকায় তাঁর একটিতে উত্তরের সমতলের প্রতিনিধি হিসেবে রবীন্দ্রনাথ মনোনীত হলে সেই সিদ্ধান্ত একইসঙ্গে হবে রাজনৈতিক বিচক্ষণতারও।

একসময় একান্ত সাক্ষাৎ-এ রবি বলেছেন, এখন এই সময়ে কোচবিহারের প্রতিটি প্রান্তে ঘাস ফুলের পতাকা উড়ছে। কিন্তু তৃনমূলের প্রতিষ্ঠালগ্নে তা কল্পনাই করা যেত না। ১৯৯৮ সালে ঘাস ফুল প্রতীক চেনাতে জেলার বুথে বুথে নিজের একটি মোটরবাইকে চেপে চষে বেড়াতেন তিনি। আর সেজন্য তাঁকে মুল্যও চোকাতে হয়েছে প্রচুর।

১৯৮২ সালে ডাউয়াগুড়িতে তাঁর বাড়ি আক্রমণ করে দুষ্কৃতির। বাম দুষ্কৃতিদের প্রচন্ড আঘাতে তাঁর ভাই ময়না ঘোষ গুরুতর অসুস্থ হয়। পরবর্তীতে তিনি অকালে মারা যান। টানা পাঁচ বছর সামাজিক ভাবে বয়কট করে রাখা হয় তাঁর পরিবারকে । রাজনৈতিক কারনে শতাধিক মামলা করা হয় তাঁর বিরুদ্ধে। একাধিকবার জেলেও যেতে হয়। রাজনৈতিক অত্যাচারে গ্রামের বাড়ি ছাড়তে একপ্রকার বাধ্য হন। শ্বশুরের দান করা শহরের এক চিলতে জমিতে টিনের ঘর তৈরি করে বসবাস করতে শুরু করেন। এখন সেখানেই তাঁর স্থায়ী ঠিকানা। দিনহাটায় আবুতারায় তাঁকে লক্ষ্য করে গুলি ছোঁড়া হয়। সুটকাবাড়িতে প্রচারে গিয়ে আক্রমনের শিকার হন। ড্রেনের মধ্যে আত্মগোপন করে নিজেকে কোনক্রমে রক্ষা করেন। পরে পুলিশ গিয়ে তাঁকে উদ্ধার করে আনে। এত অত্যাচারের পরেও বামেদের কাছে মাথা নত করেন নি তিনি। শত বাধা অতিক্রম করেও মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে দলের কাজ করে গিয়েছেন।

বামেদের প্রবল বাধা সত্ত্বেও ২০০৩ সালে পঞ্চায়েত নির্বাচনে তৃণমূলের প্রতীকে অনেক জায়গায় প্রার্থী দাঁড় করান তিনি। আর ২০০৮ সালে একাধিক জায়গায় পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল প্রার্থীরা জয়ী হয়। ২০০৯ সালে লোকসভা নির্বাচনে অল্প ব্যবধানে তৃণমূল প্রার্থী বামেদের কাছে পরাজিত হয়। ২০১১ সালে কংগ্রেসের সাথে জোট করে বিধানসভায় লড়াই করে জেলায় ৯টির মধ্যে ৫ টি আসনে জেতে তৃণমূল ও কংগ্রেস জোট। সিতাই ছাড়া বাকি চারটি আসনে তৃণমূল প্রার্থীরা জয়ী হন। সেবারেই প্রথম বিধানসভা নির্বাচনে জয়ী হন রবিবাবুও। এরপরে ২০১৩ সালে পঞ্চায়েত নির্বাচনে অভাবনীয় ফল করে তৃণমূল। বামেদের হাত থেকে জেলা পরিষদ ছিনিয়ে নেয় তারা। জেলার ৩৩টি জেলা পরিষদ আসনে ২৭টিতে তৃণমূল জয়ী হয়। ১২টি পঞ্চায়েত সমিতির মধ্যে ১০টি তৃণমূলের দখলে যায়। ২০১৪ সালে লোকসভা নির্বাচনে জয়ী হয় তৃণমূল কংগ্রেস। কোচবিহার লোকসভা আসনে রবীন্দ্রনাথ ঘোষের নেতৃত্বে সেই প্রথম কোন অবামপন্থী প্রার্থী জয়ী হয়। ২০১৬ সালে বিধানসভা নির্বাচনে জেলায় তৃণমূলের ফল দেখে সবাই চমকে উঠে। একদা বাম দুর্গ এই জেলায় ৯টি আসনের মধ্যে ৮টিতে তৃণমূল জয়ী হয়। আর পুরষ্কার হিসেবে রবীন্দ্রনাথ ঘোষকে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রীর দায়িত্ব দেন মুখ্যমন্ত্রী।

পরের বছর ২০১৭ সালে কোচবিহারের সাংসদ রেনুকা সিনহার অকাল প্রয়ান ঘটে। সেই বছরেই লোকসভা উপনির্বাচনে রেকর্ড ভোটে জয়ী হয় তৃণমূল প্রার্থী। তবে এই সময়ে জেলায় বিরোধী হিসেবে উঠে আসতে থাকে বিজেপি। লোকসভা উপনির্বাচনে তা প্রকাশ্যে আসে। ২০১৮ পঞ্চায়েত নির্বাচনে রবীর দাপটে ছত্রখান হয়ে যায় বিরোধীরা। জেলাপরিষদে ৩৩টি আসনের মধ্যে ৩২টি তৃণমূল জয়ী হয়। ওই একটি আসনে নির্দল জয়ী হয়ে পরে তৃণমুলেই যোগদান করে। জেলার ১২টি পঞ্চায়েত সমিতিতেই ক্ষমতা দখল করে তৃণমূল। কিন্তু ২০১৯ লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস পরাজিত হয়। প্রায় ৫৪ হাজার ভোটে দলের প্রার্থীর পরাজয়ের জন্য অন্তর্ঘাতকেই বিভিন্ন মহলে দায়ী করা হয়। রবীন্দ্রনাথ ঘোষকেই কোনঠাসা করতে তাঁর বিরোধী লবি ষড়যন্ত্র করে বলে রবী অনুগামীরা অভিযোগ করে।

লোকসভা নির্বাচনে পরাজয়ের পৃষ্ঠা -৭



# দিনহাটায় রবির উদয়ন

গোষ্ঠীকোন্দলও নাকি শুভ মহরৎ দেখে শুরু হবে কোচবিহারে! তৃণমূল কংগ্রেসের রাজ্য সহ সভাপতি তথা জন্মলগ্ন থেকে টানা ২২ বছর জেলা সভাপতির দায়িত্বে থাকা রবীন্দ্রনাথ ঘোষের রবিবারের এক কর্মসুচী নিয়ে সামাজিক মাধ্যম এখন উত্তাল। এদিন রবিবাবু কোচবিহার জেলা পরিষদের কৃষি কর্মাধক্ষ্য মীর হুমায়ুন কবীরের বাড়িতে ঈদের শুভেচ্ছা জানাতে আসার পুর্ব পরিকল্পিত কর্মসুচী নিয়েছেন। সেই কর্মসুচীতে নিজের অনুগামীদেরও বাড়িতে আমন্ত্রণ করেছেন হুমায়ুনবাবু। সেই আমন্ত্রণের কর্মসুচীই নাকি গোষ্ঠী কোন্দলের শুভ মহরৎ দিনহাটায়।

এই নিয়ে সামাজিক মাধ্যমে সোচ্চার হয়েছে রবি বিরোধী গোষ্ঠী। আর এই কোন্দলে রীতিমত বৈঠক হয়েছে দিনহাটায়। কোচবিহারে জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি পার্থ প্রতীম রায়, দিনহাটার সাবেক বিধায়ক উদয়ন গুহের নেতৃত্বে দিনহাটা-২ ব্লকে বিশৃঙ্খলতা আটকানোর জন্য বৈঠক করা হয়। দলের দুই গোষ্ঠীর নেতাদের পরস্পরের বিরুদ্ধে সামাজিক মাধ্যমে কাদা ছোঁড়াছুঁড়িতে বিতৃষ্ণ সাধারন মানুষজনের অনেকেই। কোন্দল রুখতে এখন দলনেত্রী কি ব্যবস্থা নেয় সেটাই দেখার।

দিনহাটা বিধানসভায় স্বল্প ব্যবধানে এবারের বিধানসভা নির্বাচনে জয়ী হন তৎকালীন সাংসদ ও বর্তমানের কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক। তিনি বিধায়ক পদ থেকে ইস্তফা দেওয়ায় এই কেন্দ্রে উপনির্বাচন আবশ্যিক হয়ে উঠেছে। এবারের নির্বাচনে তৃণমুলের হয়ে ভোটে দাড়াতে নাকি মরিয়া পরাজিত উদয়ন গুহ। স্বল্প ব্যবধানের ঘুচিয়ে বিপুল ভোটে জয়ী হওয়ার জন্য যাবতীয় পরিকল্পনা নাকি তিনি ইতিমধ্যেই করেছেন। কিন্তু তৃণমূল কংগ্রেস এখনো অবধি দিনহাটা সহ কোন উপ নির্বাচনেরই প্রার্থী ঘোষনা করেনি। আর সেখানেই সিঁদুরে মেঘ দেখছে অনেকেই।

রাজনৈতিক মহলে কানাঘুষো, নাটাবাড়িতে পরাজিত রাজ্যের প্রাক্তন মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষকে দিনহাটা উপনির্বাচনে দলের প্রার্থী করতে চাইছে দলের একাংশ। এই কেন্দ্রে রবিবাবুকে যেন দল প্রার্থী করে সে নিয়ে রাজ্য নেতৃত্বের কাছে দরবারও করছেন তারা। আর নিজের জয় নিশ্চিত করার জন্য নাকি দিনহাটায় কোমর বেঁধে নিজের অনুগামীদের সংগঠিত করছেন রবিবাবু। রাজনৈতিক পর্যবেক্ষকরা মনে করছেন, গত নির্বাচনে যতই বিধানসভা নির্বাচনে কোচবিহার জেলায় বিজেপি ভালো ফল করুক না কেন, দিনহাটা উপনির্বাচনে সেটা করা কার্যত অসম্ভব।

আর দিনহাটা কেন্দ্রে জয়ী হলে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী করা হতে পারে জয়ী হেভিওয়েট বিধায়ককে। অতএব উপনির্বাচনে নিজেদের ভাগ্যে যাতে শিঁকে ছিড়ে তাঁর জন্য আপ্রাণ চেষ্টায় রয়েছেন তৃণমুলের একাধিক নেতা। সেই লড়াইতে নাকি একে অপরকে জমি ছাড়তে রাজী নন রবীন্দ্রনাথ ঘোষ ও উদয়ন গুহও। তাই আপাত এক ইদের শুভেচ্ছা জানানোর কর্মসুচী নিয়েও উত্তাল সামাজিক মাধ্যম ও রাজনৈতিকমহল। রবিবাবুর দিনহাটায় ঘন ঘন আসা যাওয়াকে বাঁকা চোখে দেখছে উদয়ন অনুগামীরা। আর ইদের শুভেচ্ছা জানাতে রাজ্য সহঃ সভাপতি হয়েও দিনহাটায় দলের কর্মীর বাড়িতে আসতে কেন পারবেননা, সেই নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছে রবি অনুগামীরা।

এসব নিয়েই আদি বনাম নব্য তৃণমুলের দলীয় কোন্দল ক্রমশঃ পরিষ্কার হয়ে উঠছে সীমান্তবর্তী দিনহাটায়।



# পিএনবি নাবার্ড দ্বারা সেরা পিএসবি হিসাবে বিবেচিত

**আগরতলা:** পাঞ্জাব ন্যাশনাল ব্যাংককে (পিএনবি) কৃষাণ ক্রেডিট, মাইক্রো ফিনান্স, আর্থিক অন্তর্ভুক্তি এবং প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে অসামান্য পারফরম্যান্সের জন্য দেশের সেরা পাবলিক সেক্টর ব্যাংক (পিএসবি) হিসাবে ভূষিত করা হয়েছে। ন্যাশনাল ব্যাংক ফর এগ্রিকালচার অ্যান্ড ভিলেজ ডেভলপমেন্ট (নাবার্ড) পিএনবিকে "বিশেষ স্মারক সম্মান" দিয়ে গ্রামীণ গ্রাহকদের উল্লেখযোগ্য অবদানের জন্য সম্মানিত করেছে।

পিএনবির এমডি ও প্রধান নির্বাহী আধিকারিক এসএস মল্লিকার্জুনা রাও বলেন, "মহামারীর প্রভাব সত্ত্বেও, পিএনবি ভারতের কৃষিক্ষেত্র এবং এমএসএমই সেক্টরের উন্নয়নে অগ্রগতির রাস্তায় রয়েছে। গত বছর আমাদের ব্যাংক বিশেষ গ্রামীণ যোগাযোগ কর্মসূচী চালিয়েছিল এবং সারাদেশে ৩০,০০০ এরও বেশি গ্রামের গ্রাহক এর ফলে কৃষি লোন এবং এমএসএমই ক্রেডিটের ক্ষেত্রে অনেক উল্লেখযোগ্য সুযোগসুবিধা পেয়েছে।"

৪০ তম ফাউন্ডেশন দিবসে নাবার্ড "প্যান্ডেমিকের মধ্যে ভারতীয় কৃষিক্ষেত্রের স্থিতিস্থাপক" শীর্ষক ওয়েবিনারের পাশাপাশি এই পুরস্কারের কথা ঘোষণা করে। কর্মসূচীটি অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষককল্যাণ মন্ত্রী শ্রী নরেন্দ্র সিং টোমার, দেশের প্রধান অর্থনৈতিক উপদেষ্টা ডঃ কৃষ্ণমূর্তি ভি সুব্রহ্মণিয়ান এবং নাবার্ডের চেয়ারম্যান শ্রী জিআর চিন্তলা।

# স্বাস্থ্যকর জলখাবার হিসাবে অ্যালমন্ড

**কলকাতা :** ইপসোস ইন্ডিয়া দ্বারা পরিচালিত সমীক্ষা অনুযায়ী, স্বাস্থ্যকর স্ন্যাক হিসাবে অ্যালমন্ড গুরুত্বপূর্ণ একটি খাবার। সমীক্ষায় দেখা গেছে ভারতের তরুণরা উচ্চ ক্যালোরিযুক্ত জাঙ্ক ফুডের পরিবর্তে অ্যালমন্ড এবং ফলের মতো স্বাস্থ্যকর এবং পুষ্টিকর স্ন্যাকিং বিকল্পগুলি বেছে নিচ্ছেন। ভারতীয় তরুণদের মধ্যে অ্যালমন্ড একটি শীর্ষ পছন্দ। তারা স্বাস্থ্য সুবিধার কারণে অ্যালমন্ড কে একটি জলখাবারের বিকল্প হিসাবে বিবেচনা করছে।



সমীক্ষার ফলাফল সম্পর্কে মন্তব্য করে পুষ্টি ও সুস্বাস্হ্যের পরামর্শদাতা শীলা কৃষ্ণস্বামী বলেন, "অ্যালমণ্ডের মতো পুষ্টিকর খাবার একজনের ওজন বজায় রাখার পাশাপাশি ডায়েটে আরও পুষ্টি যোগ করে। তাই প্রতিদিন এক মুঠো অ্যালমন্ড খেতে ভুলবেন না এবং অন্যকেও খেতে অনুরোধ করুন। এর স্বাস্থ্যকর দিক বিবিধ!"

ঋতিকা সমাদ্দার, আঞ্চলিক প্রধান - ডায়েটেটিক্স, ম্যাক্স হেলথকেয়ার - দিল্লির মতে, "অ্যালমন্ড খুব ভাল একটি জলখাবার। যা কোনও ব্যক্তিকে পূর্ণ রাখতে সহায়তা করে এবং দিনের যে কোনও সময় খাওয়া যেতে পারে। পুষ্টির দৃষ্টিকোণ থেকে অ্যালমন্ড ডায়েটে একটি অসাধারণ সংযোজন তৈরি করে।"

অ্যালমন্ড-এ পরিচিত কপার, জিঙ্ক, ফোলেট এবং আয়রনের মতো পুষ্টি রয়েছে, যা ইমিউন সিস্টেমের স্বাভাবিক কার্যকারিতায় অবদান রাখার জন্য পরিচিত।

# জিএসকে আইওডেক্স রেপিড অ্যাকশন স্প্রে

**শিলিগুড়ি :** জিএসকে কনজিউমার হেলথকেয়ার আইওডেক্স এর রেপিড অ্যাকশন স্প্রে চালু করার ঘোষণা করেছে, যা শরীরের ব্যথা উপশমের এক অসামান্য সমাধান। আইওডেক্স ১০০ বছরেরও বেশি সময় ধরে লক্ষ লক্ষ উপভোক্তাদের আস্থা অর্জন করেছে। আইওডেক্সের ব্যথা উপশমের নানারকম পণ্য রয়েছে -আইওডেক্স বাম, আইওডেক্স আল্ট্রা জেল এবং আইওডেক্স রেপিড অ্যাকশন স্প্রে। আইওডেক্স এর এই নতুন প্রোডাক্টটিতে পাঁচটি সক্রিয় উপাদান রয়েছে যা ত্বকের গভীরে প্রবেশ করে, অভ্যন্তরীণ প্রদাহ হ্রাস করে এবং ব্যথার স্থানে গিয়ে সঠিক কাজ করে।




প্রোডাক্টটিতে ৫টি সক্রিয় উপাদানের একটি পাওয়ার প্যাকড ফর্মুলা রয়েছে, যেমন ইন্ডিয়ান উইন্টারগ্রিন অয়েল, মেন্থল, ইউক্যালিপটাস তেল, টার্পেনটাইন তেল, লবঙ্গ তেল। এই মিশ্রণ ঘাড়, কাঁধের ব্যথা, পিঠে ব্যথা, গাঁটে ব্যথা, মচকে যাওয়া ইত্যাদি ব্যথা থেকে সুনির্দিষ্ট উপশম করতে সহায়তা করে। আইওডেক্স রেপিড অ্যাকশন স্প্রে দুটি প্যাকে, ৩৫ গ্রাম ১৪০ টাকায় এবং ৬০ গ্রাম ১৯৫ টাকায় এবং সমস্ত শীর্ষস্থানীয় কেমিস্ট স্টোর এবং ই-কমার্স সাইটগুলিতে পাওয়া যায়।

# পেপসি একটি সতেজ #সওয়াগওয়ালিপেপসির প্রচার করেছে




**গুয়াহাটি:** ব্রেভারেজ ব্র্যান্ড পেপসি #সোয়াগওয়ালিপেপসি প্রচার শুরু করেছে, বলিউডের জনপ্রিয় সংগীতকার তনিশক বাগচি দ্বারা। #সোয়াগওয়ালিপেপসি প্রচারটি পেপসির রিফ্রেশমেন্ট তৈরি করেছে এবং গ্রাহকদের তাদের আত্মবিশ্বাস এক্সাইটিং হুক স্টেপের মাধ্যমে প্রদর্শন করতে উৎসাহিত করে।

ক্যাম্পেইন সম্পর্কে কথা বলতে গিয়ে পেপসিকো ইন্ডিয়া বিভাগের শীর্ষস্থানীয় সৌম্য রাঠোর বলেছেন, "#সোয়াগওয়ালিপেপসি প্রচারের মাধ্যমে ব্র্যান্ড পেপসি পপ সংস্কৃতিতে অগ্রসর হচ্ছে এবং গ্রাহকদেরকে তাদের নিজস্ব দিকগুলি প্রকাশ করার সুযোগ দিচ্ছে। আমরা নিশ্চিত যে এই অভিযানটি পেপসির স্টাইলে গ্রাহকদের জীবনকে আরও উৎসাহিত করে তুলবে"

হুক স্টেপটি তনিশক বাগচি রচিত আকর্ষণীয় সুরে সেট করা হয়েছে। গানটি ১৫ জুলাই - ২০২১ সালের মধ্যে গওহর খান, শেহনাজ গিল, অবনীত কাউরানডের মতো আরও ম্যাক্রো প্রভাবক দ্বারা জনপ্রিয় হবে।

# এইচপি নিয়ে এসেছে এআই চালিত ডিজিটাল সমাধান

**গুয়াহাটি:** এইচপি ইন্ডিয়া ডিজিটাল মাধ্যমের সাহায্যে শিক্ষিতদের জন্য নতুন প্রযুক্তি সমাধান চালু করেছে যা প্রতিটি শিক্ষার্থীর বিভিন্ন সম্ভাব্যতা আনলক করবে। মহামারী চলাকালীন শ্রেণিকক্ষ এর বদলে অনলাইন শেখার ক্ষেত্রে বিস্তৃত স্যুইচ সহ, এইচপির নতুন ডিজিটাল শেখার সমাধান শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে ডিজিটাল শিক্ষার পরিবেশে রূপান্তরিত করতে সহায়তা করেছে। এইচপি শিক্ষাব্যবস্থায় প্রাথমিক প্রয়োজনের গ্যাপগুলি দূর করার দিকে বিশেষ দৃষ্টি দেয় এবং শিক্ষার্থীদের একাডেমিক অগ্রগতির ট্র্যাকিংয়ের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদানের ধরণ বাড়িয়ে তুলতে সহায়তা করে।

এইচপি স্কুল কোচ নামে একটি বিস্তৃত লার্নিং সার্ভিস চালু করেছে, এইচপি একটি শীর্ষস্থানীয় শিক্ষা ও উন্নয়ন সংস্থা মিরাই পার্টনার্সের সাথে পার্টনারশিপ করেছে। সমাধানটি ডিজিটাল শিক্ষা, স্কুল পরিচালনা এবং সাক্ষরতা অর্জনের মাধ্যমে স্কুল ও শিক্ষার্থীদের কর্মক্ষমতা উন্নত করতে সহায়তা করে। এইচপি ক্লাস যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য এইচপি ক্লাসেসি চালু করেছে। উভয় শিক্ষার্থী এবং শিক্ষাবিদদের জন্য, এইচপির নতুন শিক্ষার অফারগুলি শিক্ষার অভিজ্ঞতা, সহযোগী শিক্ষা, অগ্রগতি ম্যাপিং এবং স্কুল অভিজ্ঞতা তীব্র করবে।

# ত্রিপুরায় ৬০ টি অক্সিজেন কনসেন্ট্রেটারকে দান করেছে স্পিরিট অফ আমেরিকা

**আগরতলা:** স্পিরিট অফ আমেরিকা, একটি বিখ্যাত মার্কিনভিত্তিক অলাভজনক সংস্থা ত্রিপুরার খুমুলং-এ গ্রামীণ স্বাস্থ্যসেবাগুলির জন্য ৬০ টি অক্সিজেন কনসেন্ট্রেটর সরবরাহ করেছে।

ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ হিউম্যান ভ্যালু (আইএএইচভি) এবং আমেরিকান ইন্ডিয়া ফাউন্ডেশন (এআইএফ)-স্পিরিট অফ আমেরিকা মহামারীর জন্য মোট ৩২০ টি অক্সিজেন কনসেন্ট্রেটর এভাবে দিচ্ছে। এর মধ্যে ভারতের ১০ টি রাজ্যের ২৮ টি জেলা অন্তর্ভুক্ত রয়েছে।


সরকারের নতুন মন্ত্রিসভা কোভিড -১৯ মহামারীর দ্বিতীয় ধাপের মধ্যে স্বাস্থ্য পরিকাঠামো শক্তিশালী করার জন্য সম্প্রতি যে প্যাকেজ ঘোষণা করেছে, তাতে এই দান যুক্ত হবে। এই অনুদান গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে কোভিড রোগীদের যত্ন নেওয়ার ও চিকিৎসার কাজে লাগবে।

# সুরাটে অ্যামাজন ডিজিটাল কেন্দ্র

**শিলিগুড়ি:** ভারতে অ্যামাজনের প্রথম ডিজিটাল কেন্দ্র স্থাপিত হল গুজরাটের সুরাটে। অ্যামাজন ডিজিটাল কেন্দ্রগুলি 'মাইক্রো স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ'গুলিকে (এমএসএমই) ইকমার্সের সুবিধার ব্যাপারে এবং বিভিন্ন থার্ড-পার্টি সার্ভিসের ব্যাপারে অবহিতকরণের রিসোর্স সেন্টার হিসেবে কাজ করবে। ডিজিটাল এন্টারপ্রিনার হিসেবে কাজ করার সুবিধার জন্য এইসব সার্ভিসের মধ্যে থাকবে শিপিং ও লজিস্টিক সাপোর্ট, ক্যাটালগিং অ্যাসিস্ট্যান্স, ডিজিটাল মার্কেটিং সার্ভিস, জিএসটি ও ট্যাক্সেশন সাপোর্ট। এক ভার্চুয়াল অনুষ্ঠানে অ্যামাজনের প্রথম ডিজিটাল কেন্দ্র উদ্বোধন করেন গুজরাটের মুখ্যমন্ত্রী বিজয় রুপানি। উপস্থিত ছিলেন অ্যামাজন ইন্ডিয়ার সিনিয়র ভিপি ও কান্ট্রি হেড অমিত আগরওয়াল এবং অ্যামাজন ইন্ডিয়ার ভিপি মনীশ তিওয়ারি। সুরাটে স্থাপিত অ্যামাজনের প্রথম ডিজিটাল কেন্দ্র সন্নিহিত অঞ্চলের হাজার হাজার এমএসএমই'কে সহায়তা প্রদান করবে। ডিজিটাল কেন্দ্র স্থাপন ও পরিচালনার জন্য অ্যামাজন স্থানীয় পার্টনারদের সঙ্গে হাত মেলাবে। এরফলে লোকাল পার্টনাররা বাড়তি আয়ের সুযোগ পাবে এবং এমএসএমই-গুলিকে সচেতনতা জোগাতে এবং ই-কমার্স, এক্সপোর্ট মার্কেট বিষয়ে জানতে ও ব্যবসা বৃদ্ধিতে সহায়ক হবে।

২০২০ সালের জানুয়ারি থেকে অ্যামাজন এপর্যন্ত ভারতে ২.৫ মিলিয়ন এমএসএমই'কে ডিজিটাইজ করেছে, ৩ বিলিয়ন ডলার অঙ্কের পণ্য রপ্তানি করতে সাহায্য করেছে ও ৩০০,০০০ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান-সহ ১ মিলিয়ন কর্মসংস্থানের ব্যবস্থা করেছে।

# ব্লেন্ডার্স প্রাইড লিমিটেড এডিশন প্যাক




শিলিগুড়ি: ডিজাইনের প্রবাদপুরুষ মনীশ মালহোত্রার সহযোগিতায় প্রিমিয়াম হুইস্কি ক্যাটাগরিতে অগ্রণী নাম সিগ্রাম'স ব্লেন্ডার্স প্রাইড এবার এক লিমিটেড-এডিশন প্যাক নিয়ে উপস্থিত হয়েছে। এই নতুন প্যাকে ফুটে উঠেছে ডিজাইনারের অনবদ্য শৈল্পিক কর্ম, আর সেইসঙ্গে গ্রাহকদের আহ্বান জানানো হয়েছে 'রিচ টেস্ট' উদযাপন ও প্যাকের 'আনম্যাচড ক্র্যাফটম্যানশিপ' উপভোগ করার জন্য। এযেন এক 'বোল্ড স্টাইল স্টেটমেন্ট' যা ঘোষণা করছে 'মাই ক্র্যাফট, মাই প্রাইড'।

নতুন প্যাকের 'কনটেম্পোরারি ডিজাইন' প্রকৃতই ব্লেন্ডার্স প্রাইডের দক্ষতার সঙ্গে প্রস্তুত 'স্মুথ ব্লেন্ড'এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এই লিমিটেড-এডিশন প্যাক হয়ে উঠেছে গ্ল্যামার, সেলিব্রেশন ও লাইফস্টাইলের প্রতীক।

পার্নড রিকার্ড ইন্ডিয়ার চিফ মার্কেটিং অফিসার কার্তিক মহিন্দ্রা জানান, প্রখ্যাত ডিজাইনার মনীশ মালহোত্রা-কৃত ব্লেন্ডার্স প্রাইডের লিমিটেড-এডিশন প্যাক হল 'সেলিব্রেশন অফ রিচ ক্র্যাফটম্যানশিপ'। মর্যাদাসম্পন্ন হুইস্কি গ্রাহকদের জন্য ব্লেন্ডার্স প্রাইড লিমিটেড-এডিশন প্যাক ১৫টির বেশি অঞ্চলে পাওয়া যাচ্ছে।

# বন মহোৎসব সপ্তাহ উদযাপনে জেএসডব্লিউ সিমেন্ট




**দুর্গাপুর:** ভারতের শীর্ষ স্থানাধিকারী সিমেন্ট উৎপাদকের অনয়তম জেএসডব্লিউ সিমেন্ট কোম্পানি কার্বন তৈরী আটকাতে আর পরিবেশে ভারসাম্য আনার ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ। জেএসডব্লিউর গ্রিন সিমেন্টের (পিএসসি) নির্মাণ প্রক্রিয়া ক্ষতিকর গ্যাসের নির্গমণ ৬০ শতাংশের বেশি হ্রাস করে। ভারতে গ্রিন সিমেন্টের পথিকৃৎ জিএসডব্লিউ সিমেন্ট পরিবর্তনশীল সময় ও চাহিদা পূরণ করা কর্পোরেট দায়িত্ববোধের এক প্রকৃষ্ট উদাহরণ। পাশাপাশি গত দুই বছরে, জেএসডব্লিউ সিমেন্ট রোপণ করেছে ২৬০০০০ টিরও বেশি চারা। এরমধ্যে সম্প্রতি সমাপ্ত বন মহোৎসব সপ্তাহে ৭০০টি নতুন চারা রোপণ করেছে সংস্থাটি।

## অবৈধ অস্ত্র ব্যপবসা সাথে যুক্ত দুজনকে গ্রেপ্তার করল পুলিশ

**আলিপুরদুয়ারঃ** অভিযান চালিয়ে অবৈধ অস্ত্র ব্যবসা সাথে যুক্ত দুজনকে আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার করল আলিপুরদুয়ার জেলা পুলিশ। আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার ডাঃ ভোলানাথ পাণ্ডে জানান গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে আলিপুরদুয়ার জেলা পুলিশের বিশেষ টিম আলিপুরদুয়ার থানা এলাকায় অভিযান চালিয়ে পাঁচটি বন্দুক সহ একজনকে গ্রেপ্তার করে। তার কাছ থেকে উদ্ধার হয় পাঁচটি বন্দুক। এবং সন্দেহে ধৃত আরেকজন ব্যা ক্তিকে গ্রেপ্তার কওে গ্রেপ্তার করে আলিপুরদুয়ার পুলিশ। পুলিশ সুপার জানান এরা বন্দুক কেনাবেচার সঙ্গে যুক্ত । এই ঘটনায় আরো কেউ যুক্ত আছে কিনা পুলিশ খতিয়ে দেখছে।

## শিলিগুড়ির বিধায়কের খাদ্য ভবনে স্মারকলিপি জমা

**শিলিগুড়ি:** বিজেপি বিধায়ক শংকর ঘোষ ১৫ জুলাই শিলিগুড়ি খাদ্য ভবনে অভিজিৎ ধর ডিস্ট্রিক্ট কন্ট্রোলার কাছে শিলিগুড়ি মহকুমা আতপ চালের বদলে সেদ্ধ চাল দেওয়ার বিষয়ে স্মারকলিপি জমা দেন। খাদ্য দপ্তর এর পক্ষ থেকে দার্জিলিং জেলায় রেশন দোকানে আতপ চাল দেওয়া হয়। পাহাড় উদ্বাসিত হওয়ার কারণে এই জেলায় আতপ চালের বন্টন করা হয়ে থাকে কিন্তু শিলিগুড়ি মহকুমা এলাকায় বেশিরভাগ মানুষ সিদ্ধ চাল খেয়ে থাকে যার কারণে রাজ্যের খাদ্যমন্ত্রী এবং কেন্দ্রের মন্ত্রীর কাছে আজ এই স্মারকলিপির মাধ্যমে অনুরোধ করা হয়েছে যাতে শিলিগুড়ি মহকুমার অন্তর্গত এলাকায় আতপ চালের বদলে সিদ্ধ চাল দেওয়ার ব্যবস্থা করা সম্ভব হয়।

## শিলিগুড়ি বাঘাযতীন পার্কে পালিত হল বনমহোৎসব ২০২১


**শিলিগুড়িঃ** শিলিগুড়ি বাঘাযতীন পার্কে বন বিভাগের পক্ষ থেকে এবং শিলিগুড়ি পুরো নিগমের সহযোগিতায় ১৪ই জুলাই বনমহোৎসব পালন করা হয়েছে। বনমহোৎসব এর মধ্যে দিয়ে বাঘাযতীন পার্কে প্রায় একশ'র বেশি চারা গাছ লাগানো হয়েছে। শিলিগুড়ি প্রশাসক বোর্ডের চেয়ারম্যান গৌতম দেবের নিজস্ব উদ্যোগে একটি কাঠ বাদাম গাছ একটি লটকা এবং দুটি পলাশ গাছ লাগান। শিলিগুড়ি শহরকে সবুজ করার উদ্দেশ্যে শিলিগুড়ি শহরের ১০০০০ গাছ লাগানো হবে এর মধ্যে বিভিন্ন ফল ফুলের গাছ লাগানো হবে সেই কথা জানান গৌতম দেব।

করোনা মহামারির কারণে শহরের মানুষ বুঝতে পেরেছে অক্সিজেনের কতটা প্রয়োজন সেই কারণে শহরের আরও বেশি করে গাছ লাগাতে হবে। তিনি আরও বলেন করোনা অতিমারির কারণে শিলিগুড়ি শহরে পুনরায় ফেরত এসেছে প্লাস্টিক ক্যারি ব্যাগ বিভিন্ন বাজারে মানুষকে প্লাস্টিক ক্যারি ব্যাগ ব্যবহার করতে দেখা যাচ্ছে এই প্লাস্টিক ক্যারিব্যাগ কে সম্পূর্ণরূপে বন্ধ করার উদ্যোগ নেওয়া হয়েছে শিলিগুড়ি পৌর কর্পোরেশন এর পক্ষ থেকে। অতি শীঘ্রই এই নিয়ে ব্যবসায়ী এবং বিভিন্ন মার্কেট সমিতিকে নিয়ে বসা হবে।

মালদা

## মালদহ জেলা পরিষদের সভাধিপতির ইস্তফা





MALDA ZILLA PARISHAD
MALDA

Memo No: Dated: / /2021

From: Gour Chandra Mandal,
Sabhadhipati,
Malda Zilla Parishad, Malda

To: The Prescribed Authority
(U/S 144 of West Bengal Panchayat Act,1973)
&
Divisional Commissioner,
Malda Division,
P.O. & District - Malda

Sub : Resignation from the chair of Sabhadhipati, Malda Zilla Parishad

Sir,

I, Gour Chandra Mandal S/O Lt. Rashik Chandra Mandal being the Sabhadhipati, Malda Zilla Parishad do hereby tender my resignation from the post of Sabhadhipati of Malda Zilla Parishad with immediate effect owing to personal difficulties and pre occupation my address for further communication is mentioned herein below :

S/O-LATE RASIK CHANDRA MANDAL
VILL-BRAJOLAI TOLA, PO-JANAKIRAMTOLA,
PS-BHUTNI, DIST-MALDA, PIN-732202
Mobile Phone No : 9593292744

Kindly acknowledge receipt and accept my resignation with immediate effect.

Yours faithfully,
(Gour Chandra Mandal)
Sabhadhipati,
Malda Zilla Parishad, Malda

Memo No: [illegible] Dated: [illegible] 2021
Copy forwarded for information to the :-
Executive Officer, Malda Zilla Parishad & District Magistrate, Malda

OFFICE OF THE DISTRICT MAGISTRATE ... RECEIVED

(Gour Chandra Mandal)
Sabhadhipati,
Malda Zilla Parishad, Malda

**মালদহ:** আবশেষে ইস্তফা দিলেন মালদা জেলা পরিষদের সভাধিপতির তথা বিজেপি নেতা গৌড়চন্দ্র মন্ডল। ৬ জুলাই দুপুরে মালদহের বিভাগীয় কমিশনারের কাছে নিজের ইস্তফা পত্র দেন সভাধিপতি গৌড়চন্দ্র মন্ডল। কলকাতা হাইকোর্ট এদিনই অনাস্থা প্রস্তাবের মান্যতাকে চ্যালেঞ্জ করে দায়ের করা সভাধিপতির আবেদন কার্যত খারিজ করে দেয়। এরপরেই বিজেপি জেলা নেতৃত্ব অবিলম্বে সভাধিপতিকে ইস্তফা দেওয়ার নির্দেশ দেন। ৩৭ সদস্যের মালদা জেলা পরিষদের ২৩ জন সদস্য গত ১৭ জুন মালদহের বিভাগীয় কমিশনারের কাছে সভাধিপতির অপসারণ চেয়ে অনাস্থা প্রস্তাব পেশ করেন।

ওই প্রস্তাব অনুযায়ী আগামী ৮ জুলাই অনাস্থা নিয়ে তলবি সভাও ডাকা হয়। এরপরেই জেলা রাজনীতিতে হইচই পড়ে । বিজেপি জেলা সভাপতি গোবিন্দ চন্দ্র মণ্ডল সাফ জানিয়ে দেন, সভাধিপতিকে আগেই পদ থেকে ইস্তফা দিতে বলেছিল দল । কিন্তু এরপরেও আদালতে যান তিনি। যদিও বিজেপির দাবি সঠিক সময় এ ফের জেলা পরিষদের দখল নেবেন তাঁরা। তৃণমূলের পাল্টা দাবি বরাবরই মালদা জেলা পরিষদের সংখ্যা গরিষ্টতা তৃণমূলের পক্ষেই ছিল । এরপরেও সভাধিপতি জোর করে পদ আঁকড়ে ছিলেন। জেলা পরিষদ তৃনমূলের হাতেই থাকবে বলে এদিন দাবি করেন জেলা তৃনমূল চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ন চৌধুরী।

জলপাইগুড়ি

## জলপাইগুড়িতে তৈরি হচ্ছে অক্সিজেন কনসেনট্রেটর




জলপাইগুড়িতেই তৈরী হচ্ছে অক্সিজেন কনসেনট্রেটর। জলপাইগুড়ি শহরের রাজবাড়ি পাড়ার ইন্টিগ্রেটেড ফায়ার প্রোটেকশন প্রাইভেট লিমিটেড এর ফ্যাক্টরিতে এই অক্সিজেন কনসেনট্রেটর বানিয়ে তাক লাগিয়েছেন সংস্থার ম্যানেজিং ডাইরেক্টর অনুজিৎ কুমার মুখার্জি। জলপাইগুড়ি শহরের রাজবাড়ি পাড়ার টুপামারি এলাকায় ১৩ জুলাই ইন্টিগ্রেটেড ফায়ার প্রোটেকশন প্রাইভেট লিমিটেড এর ফ্যাক্টরিতে এই অক্সিজেন কনসেনট্রেটর এর উদ্বোধন করেন শহরের শিল্পপতি পুরজিৎ বক্সি গুপ্ত। সংস্থার ম্যানেজিং ডাইরেক্টর অনুজিৎ কুমার মুখার্জি জানান, জলপাইগুড়ি শহর থেকে কেন অক্সিজেন কনসেনট্রেটর তৈরী হবে না এটা মাথায় ঘুরছিল।অক্সিজেনের চাহিদা এই করোনা কালে বেড়েছে। তাই থেকে স্বপ্ল মুল্যে এই অক্সিজেন কনসেনট্রেটর বানানো হয়েছে। জেলা শহর থেকে অক্সিজেন কনসেনট্রেটর তৈরী হওয়ায় খুশি শহরবাসী। মাত্র ২৯৯৯৯ টাকায় আমরা এই প্রোটেবল অক্সিজেন কনসেনট্রেটর পাওয়া যাবে।

উত্তর দিনাজপুর

## তৃনমূল কংগ্রেসে যোগদান করলেন ৫ জন বিজেপি পঞ্চায়েত সদস্য

**রায়গঞ্জঃ** বিজেপি ছেড়ে গ্রামের উন্নয়নের লক্ষ্যে এবং মানুষের পাশে দাঁড়াতে তৃনমূল কংগ্রেসে যোগদান করলেন রায়গঞ্জ ব্লকের ৩ নং মহীপুর গ্রামপঞ্চায়েতের উপপ্রধান সহ ৫ জন বিজেপি পঞ্চায়েত সদস্য। তাদের অভিযোগ বিজেপিতে থেকে কোনও উন্নয়নমূলক কাজ করা যাচ্ছেনা, শুধুই জাতপাত আর বিভেদের রাজনীতি করে বিজেপি। ফলে বিজেপির দখলে থাকা ৩ নং মহীপুর গ্রামপঞ্চায়েত আজ থেকে তৃনমূল কংগ্রেসের দখলে এল।যোগদানের পর বিপদে আপদে সর্বদা গ্রামের মানুষের পাশে থেকে কাজ করার অঙ্গীকার নিয়েছেন সদ্য বিজেপি ছেড়ে তৃনমূল কংগ্রেসে যোগদানকারী পঞ্চায়েত সদস্যরা।

২০১৮ সালে পঞ্চায়েত নির্বাচনে রায়গঞ্জ ব্লকের ৩ নম্বর মহীপুর গ্রামপঞ্চায়েতের দখল নিয়েছিল বিজেপি। মোট ১৮ সদস্যের পঞ্চায়েতে বিজেপি পেয়েছিল ১১ টি আসন, তৃনমূল কংগ্রেস ৫ টি এবং সিপিএম-কংগ্রেস জোট পেয়েছিল ১ টি আসন। ২০২১ এর বিধানসভা নির্বাচনে বিপুল সংখ্যা গরিষ্ঠতা নিয়ে রাজ্যের তৃতীয়বারের জন্য ক্ষমতায় আসে মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে তৃনমূল কংগ্রেস। এরপর থেকেই একে একে বিজেপির দখলে থাকা একের পর এক গ্রামপঞ্চায়েত তাসের ঘরের মতো ভেঙে পড়তে থাকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের উন্নয়ন কর্মযজ্ঞে শামিল হতে বিজেপি সদস্যরা দলে দলে তৃনমূল কংগ্রেসে নাম লেখাতে শুরু করে।

রায়গঞ্জ ব্লকের বিজেপি পরিচালিত ৩ নং মহীপুর গ্রামপঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে অনাস্থা আনে তৃনমূল কংগ্রেস। বিজেপির উপপ্রধান সহ ৫ জন এবং জোটের ১ জন পঞ্চায়েত সদস্য তৃনমূল কংগ্রেসের পক্ষে ভোট দিয়ে বিজেপি বোর্ডের বিরুদ্ধে অনাস্থা পাশ করিয়ে নেয়। এরফলে বর্তমানে ৩ নং মহীপুর গ্রামপঞ্চায়েতের ১৮ জন সদস্যের মধ্যে তৃনমূল কংগ্রেসের দাঁড়ালো ১০ জন, জোট ১ এবং বিজেপির ৬ জন। অনায়াসেই মহীপুর গ্রামপঞ্চায়েতের বোর্ড দখল করল তৃনমূল কংগ্রেস। তৃনমূল কংগ্রেসে যোগদানকারী দলত্যাগী বিজেপির উপপ্রধান জানিয়েছেন, বিজেপিতে গোষ্ঠীদ্বন্দ্ব এবং অযোগ্য প্রধানের বিরুদ্ধেই অনাস্থা এনে গ্রামের সাধারন উন্নয়ন ও পরিষেবা দেওয়ার লক্ষ্যে তৃনমূল কংগ্রেসে যোগ দিয়েছেন তাঁরা। রায়গঞ্জ ব্লক তৃনমূল কংগ্রেস সভাপতি মানস ঘোষ জানিয়েছেন, বিধানসভা নির্বাচনে রাজ্যে তৃনমূল পুনরায় ক্ষমতায় আসার পর দলে দলে বিজেপি ছেড়ে তৃনমূল কংগ্রেসে যোগদান করছেন। গ্রামের মানুষের সার্বিক উন্নয়নের স্বার্থে বিজেপি ছেড়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের উন্নয়নে শামিল হতেই পঞ্চায়েতের বোর্ড পরিবর্তন করলেন মহীপুর গ্রামপঞ্চায়েতের সদস্যরা।

কোচবিহার

## রাতের অন্ধকারে আগ্নেয়াস্ত্র নিয়ে দুষ্কৃতী হামলা


**কোচবিহার:** রাতের অন্ধকারে আগ্নেয়াস্ত্র নিয়ে দুষ্কৃতী হামলা কোচবিহার ২নং ব্লকের গোপালপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান সুব্রত চাকদার ও পার্শ্ববর্তী ঢাংঢিংগুড়ি গ্রাম পঞ্চায়েতের নাগেশ্বরগুড়ি এলাকার পঞ্চায়েত সদস্য কৃষ্ণ সরকার বিশ্বাসের বাড়িতে। তাদের বাড়ি লক্ষ্য করে গুলি ছোঁড়ার অভিযোগ ওঠে দুষ্কৃতীদের বিরুদ্ধে এবং ১৪ জুলাই রাতে একটি সিসিটিভি ক্যামেরার ফুটেজে এই ছবি ধরা পড়েছে স্পষ্টত। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে সংশ্লিষ্ট এলাকায় ঘটনাস্থলে গিয়ে পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুন্ডিবাড়ি থানার পুলিশ। ইতিমধ্যেই গ্রেপ্তার হয়েছেন একজন।

জানা যায়, ১৪ জুলাই রাতে এই ঘটনা ঘটায় দুষ্কৃতীরা এবং গোপালপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান সুব্রত চাকদারের বাড়িতে চড়াও হওয়ারও অভিযোগ ওঠে দুষ্কৃতীদের বিরুদ্ধে এই সময় খোকন দাস নামে একজনকে ধরে ফেলেন গ্রামবাসীরা। ১৫ জুলাই সকালে একটি গাড়ি ও আগ্নেয়াস্ত্রসহ তাকে পুলিশের হাতে তুলে দেন তারা। এ ঘটনায় কারা কারা যুক্ত আছেন, তার তদন্ত করছে পুলিশ।

এই ঘটনার তীব্র নিন্দা করে প্রাক্তন মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ বলেন, এই দুষ্কৃতীরা কাদের দ্বারা প্রভাবিত তার খোঁজ মেলেনি এখনও। তারা পুলিশকে বলেছেন যেখানে যেখানে দুষ্কৃতীরা এ ধরনের ঘটনা ঘটানোর চেষ্টা করছে তাদেরকে চিহ্নিত করে অবিলম্বে গ্রেপ্তার করা হোক।

# পর্যটন মানচিত্রে জায়গা করে নিতে চলেছে সাগরদিঘী মৎস্য প্রজনন কেন্দ্র





**মালদা:** গৌড়, আদিনার পর মালদা জেলার পর্যটন মানচিত্রে জায়গা করে নিতে চলেছে সাগরদিঘী মৎস্য প্রজনন কেন্দ্র। সৌন্দর্যায়নের পাশাপাশি পরিকাঠামোগত উন্নয়ন করা হবে। ১৪ জুলাই ইংরেজবাজার ব্লকের সাদুল্লাপুর এলাকায় অবস্থিত সাগরদিঘী মৎস্য প্রজনন কেন্দ্র পরিদর্শন করে এমনটাই জানালেন রাজ্যের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন। এদিন তিনি ছাড়াও উপস্থিত ছিলেন জেলাশাসক রাজর্ষি মিত্র, সদর মহকুমা শাসক সুরেশচন্দ্র রানো, ইংলিশ বাজার ব্লকের বিডিও সৌগত চৌধুরী, ইংরেজবাজার পঞ্চায়েত সমিতির সভাপতি লিপিকা বর্মন ঘোষ, মালদা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ প্রতিভা সিং, তৃণমূল নেতা প্রসেনজিৎ ঘোষ, কাজি গ্রাম অঞ্চলের প্রধান সত্যজিৎ চৌধুরী, উপ-প্রধান মন্টু ইসলাম সহ অন্যান্যরা।

উল্লেখ্য, ইতিমধ্যে মালদা জেলা প্রশাসনের উদ্যোগে সেজে উঠেছে পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ সাগরদিঘী মৎস্য প্রজনন কেন্দ্র। তৈরি করা হয়েছে ইকোপার্ক। এবারে সেই ইকোপার্ক এবং সাগরদিঘী মৎস্য প্রজনন কেন্দ্রের সৌন্দর্যায়ন এবং পরিকাঠামোগত উন্নয়ন করা হবে। যাতে করে জেলার পর্যটন মানচিত্রে এই মৎস্য প্রজনন কেন্দ্র জায়গা করে নেয়। প্রতিমন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়ার পরই সেই উদ্যোগ গ্রহণ করেছেন সাবিনা ইয়াসমিন। সেইমতো জেলা প্রশাসনের আধিকারিকদের উপস্থিতিতে এবং স্থানীয় প্রশাসনের উপস্থিতিতে এদিন সাগরদিঘী মৎস্য প্রজনন কেন্দ্র পরিদর্শন করেন তিনি। এই বিষয়ে মন্ত্রী সাবিনা ইয়াসমিন জানান, সাগরদিঘী মৎস্য প্রজনন কেন্দ্রের পরিকাঠামোগত উন্নয়নের জন্য তার কাছে আবেদন করা হয়েছিল। সেই মত জেলা প্রশাসনিক আধিকারিক এবং স্থানীয় ব্লক প্রশাসনের উপস্থিতিতে বড় সাগরদিঘির ইকো পার্ক পরিদর্শন করা হল। একাধিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অন্যদিকে এই বিষয়ে ইংরেজবাজার পঞ্চায়েত সমিতির সভাপতি লিপিকা বর্মন ঘোষ জানান, শহর ঘেসা এই মৎস্য প্রজনন কেন্দ্র। তাই এই মৎস্য প্রজনন কেন্দ্রের সৌন্দর্য এবং পরিকাঠামোগত উন্নয়ন করে পর্যটনের একটি অন্যতম কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য জেলা প্রশাসন এবং মন্ত্রীর কাছে আবেদন করা হয়েছিল। সেই মতো মন্ত্রী সাবিনা ইয়াসমিন এবং জেলাশাসক সহ প্রশাসনিক আধিকারিকরা বড় সাগরদিঘির বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন।

## নতুন স্কেচার্স ফোমিস ফুটওয়্যার


**গ্যাংটক:** কমফর্ট টেকনোলজি কোম্পানি স্কেচার্স লঞ্চ করল এক নতুন কালারফুল কালেকশন - স্কেচার্স ফোমিস। এই ফুটওয়্যার তৈরি হয়েছে লাইটওয়েট ইভিএ ফোম দ্বারা, যা দিনভর আরাম দেবে। স্কেচার্স ফোমিস ফুটওয়্যার কালেকশনে রয়েছে প্রতিদিনের পোশাকের সঙ্গে ব্যবহারের উপযোগী আরামদায়ক, ওয়াটার-ফ্রেন্ডলি ও কালারফুল মোল্ডেড শ্যুজ, স্যান্ডাল ও স্লিপ-অন। উষ্ণ দিনে ও বর্ষাতেও স্কেচার্স ফোমিস ফুটওয়্যার ব্যবহার করা যাবে। পুরুষ ও মহিলাদের জন্য স্কেচার্স ফোমিস পাওয়া যাবে ২২৯৯ টাকা থেকে, স্কেচার্স রিটেল স্টোরসমূহে এবং স্কেচার্স-ডট-ইন থেকে।

## টিসিএল ব্র্যান্ডের নতুন ৪কে টিভি




**কলকাতা:** সুপিরিয়র হোম এন্টারটেনমেন্টের জন্য গ্লোবাল টপ-টু টেলিভিশন ব্র্যান্ড ও অগ্রণী কনজিউমার ইলেক্ট্রনিক্স কোম্পানি টিসিএল লঞ্চ করল নতুন ২০২১ সি সিরিজ রেঞ্জ লাইন-আপ টিভি: মিনি এলইডি কিউএলইডি ৪কে সি৮২৫ (ম্যাজিক ক্যামেরা-সহ), কিউএলইডি ৪কে সি৭২৮ (গেম মাস্টার-সহ) ও কিউএলইডি ৪কে সি৭২৫ (ভিডিয়ো কল ক্যামেরা-সহ)। এই নতুন টিভি মডেলগুলিতে থাকা ফিচারগুলির মধ্যে রয়েছে ১২০হার্টজ এমইএমসি, ডলবি ভিশন, ডলবি ভিশন আইকিউ, ডলবি আটমস, আইম্যাক্স এনহ্যান্সড, গেম মাস্টার, হ্যান্ডস-ফ্রী ভয়েস কন্ট্রোল ২.০ ও টিসিএল স্মার্ট ইউআই। ৫৫, ৬৫ ও ৭৫ সাইজের নতুন টিসিএল টিভি পাওয়া যাবে যথাক্রমে ৭৯,৯৯০ টাকা, ১০২,৯৯০ টাকা ও ১৫৯,৯৯০ টাকায়।

## সোনি ব্রাভিয়া টিভি এ৮০জে সিরিজ



**নতুন দিল্লি:** সোনি ইন্ডিয়া কগনিটিভ প্রসেসর এক্সআর-যুক্ত নতুন ব্রাভিয়া এক্সআর এ৮০জে ওএলইডি টেলিভিশন সিরিজ নিয়ে এসেছে। মানুষের মস্তিষ্কের মতো চিন্তা করার ক্ষমতাসম্পন্ন কগনিটিভ প্রসেসর এক্সআর থাকায় এই টিভির ভিশন ও সাউন্ড আরও উন্নতমানের। সোনির এই নতুন টিভি সিরিজ দর্শকদের দেবে বেস্ট-ইন-ক্লাস আল্ট্রা-রিয়ালিস্টিক পিকচার কোয়ালিটি, ফুল লাইফ-লাইক কনট্রাস্ট এবং সাউন্ড-ফ্রম-পিকচার রিয়ালিটি-সহ ইনক্রেডিবল সাউন্ড।

সোনি ব্রাভিয়া এক্সআর এ৮০জে ওএলইডি টিভি সিরিজ পাওয়া যাবে ভারতের সকল সোনি সেন্টার, মুখ্য ইলেক্ট্রনিক স্টোর্স ও ই-কমার্স পোর্টালসমূহে। এই টিভির (এক্সআর-৬৫এ৮০জে) বেস্ট বাই প্রাইস ২৯৯,৯৯৯ টাকা।

# টাইডের নতুন ক্যাম্পেন #টাইডফরটাইম




**শিলিগুড়ি:** পি-অ্যান্ড-জি'র লন্ড্রি ও ফ্যাব্রিক কেয়ার ব্র্যান্ড 'টাইড' একটি নতুন ফিল্মের মধ্য দিয়ে তাদের নতুন ক্যাম্পেন #টাইডফরটাইম শুরু করল। এই ক্যাম্পেনের মাধ্যমে টাইড দেশের অসংখ্য পরিবারের দিকে সকলের দৃষ্টি আকর্ষণ করছে, যেখানে প্রাত্যহিক কাজকর্মেই সবটুকু সময় ব্যয় হয়ে যায়, অন্য কিছু করার সময়ই থাকে না।

ইতিমধ্যে #টাইডফরটাইম ফিল্মটি ৩ মিলিয়নের অধিকবার দেখে ফেলেছেন দেশের মানুষ। এই ফিল্মে টাইড দেখিয়েছে কিভাবে অতিসহজে পরিবারের সদস্যরা সময় বের করে নিতে সক্ষম। 'ডাবল পাওয়ার' বিশিষ্ট টাইড দিয়ে 'সুপিরিয়র ক্লিনিং' পাওয়া সম্ভব - হাতে বা মেশিনে। ফলে কাচাকাচির জন্য সময় কম দরকার হয়।

পি-অ্যান্ড-জি ইন্ডিয়ার চিফ মার্কেটিং অফিসার ও ফ্যাব্রিক কেয়ারের ভাইস-প্রেসিডেন্ট শরৎ ভার্মা জানান, #টাইডফরটাইম দ্বারা তারা বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে একটি প্রশ্ন তুলেছেন, 'আমরা কি সত্যিই কোনও গুরুত্বপূর্ণ কাজের জন্য আমাদের সময় ব্যয় করছি?' একইসঙ্গে স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে টাইডকে কাজে লাগিয়ে 'সুপিরিয়র ক্লিনিং' পাওয়ার পাশাপাশি আমরা নিজেদের জন্য কিছু সময় বের করে নিতে পারি এবং তা কোনও প্রকৃত প্রয়োজনীয় কাজে ব্যয় করতে পারি।

# কলকাতায় আবাসন বিক্রয় কমেছে



**কলকাতা:** ২০২১-এর এপ্রিল-জুন সময়কালে 'হোম সেলস' ও 'নিউ লঞ্চের' ব্যাপারে কলকাতা পিছিয়ে পড়েছে বলে জানা গেছে 'রিয়াল ইনসাইট (রেসিডেন্সিয়াল) এপ্রিল-জুন (কিউ২) ২০২১' রিপোর্ট থেকে। অগ্রণী অনলাইন রিয়াল এস্টেট কোম্পানি প্রপটাইগারের এই রিপোর্ট হল ভারতের মুখ্য আটটি রেসিডেন্সিয়াল মার্কেটের ত্রৈমাসিক বিশ্লেষণ।

আলোচ্য ত্রৈমাসিকে ১০১৭টি নতুন ইউনিটের সূচনা হলেও কোয়ার্টার-অন-কোয়ার্টার ভিত্তিতে কলকাতায় নতুন আবাসনের সরবরাহ ৪৯ শতাংশ হ্রাস পেয়েছে। তবে বিগত বছরের একই সময়কালের তুলনায় সরবরাহ বেড়েছে। তথ্য অনুসারে, কলকাতায় কিউ২সিওয়াই২০২০ সময়কালে মাত্র ১৮৩টি ইউনিট লঞ্চ হয়েছিল। ৭০ শতাংশ নতুন সরবরাহের ক্ষেত্রে বারাসত ও সোনারপুরে সবথেকে বেশি নতুন লঞ্চ হয়েছে এই ত্রৈমাসিকে। এই সময়ে কলকাতায় ১২৫৩টি আবাসন বিক্রয় হয়েছে যা বার্ষিক হিসেবে ৫ শতাংশ ও ত্রৈমাসিক হিসেবে ৬৩ শতাংশ কম বলে উল্লেখ করা হয়েছে রিপোর্টে। তথ্যানুসারে, দেশের আটটি মুখ্য রেসিডেন্সিয়াল মার্কেটের মধ্যে কলকাতার ইনভেন্টরি স্টক সর্বনিম্ন ২৮৫৯১ ইউনিট।

প্রপটাইগারের বিশ্লেষণের অন্তর্ভুক্ত শহরগুলি ছিল আহ্মেদাবাদ, বেঙ্গালুরু, চেন্নাই, হায়দ্রাবাদ, কলকাতা, দিল্লি এনসিআর, মুম্বই এমএমআর ও পুণে।

# সান্ডারল্যান্ডে নিসানের ইলেক্ট্রিক ভেহিকেল হাব




**গুয়াহাটি:** নিসানের ১ বিলিয়ন পাউন্ডের ফ্ল্যাগশিপ ইলেক্ট্রিক ভেহিকেল (ইভি) হাব 'নিসান ইভি৩৬জিরো' উদ্বোধন হল, যার মাধ্যমে সৃষ্টি হল বিশ্বের প্রথম ইভি ম্যানুফ্যাকচারিং ইকোসিস্টেম।

ইউকে'র সান্ডারল্যান্ডে স্থাপিত 'নিসান ইভি৩৬জিরো' কার্বন প্রশমণে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে এবং জিরো-এমিশন মোটোরিংয়ের ক্ষেত্রে তৈরি করবে এক ৩৬০-ডিগ্রি সলিউশন। ১ বিলিয়ন পাউন্ডের এই প্রকল্পে নিসান প্রায় ৪২৩ মিলিয়ন পাউন্ড বিনিয়োগ করবে ইউকে'তে এক নব-প্রজন্মের সম্পূর্ণ ইলেক্ট্রিক ভেহিকেল উৎপাদনের জন্য। এই পরিবর্তনমুখী প্রকল্পে প্রাথমিকভাবে ১ বিলিয়ন পাউন্ড বিনিয়োগ করেছে নিসান ও তাদের সহযোগীরা, এনভিশন এইএসসি (ব্যাটারি টেকনোজির ক্ষেত্রে এক অগ্রণী বিশ্বমানের সংস্থা) ও সান্ডারল্যান্ড সিটি কাউন্সিল। অটোমোটিভ ইন্ডাস্ট্রির ভবিষ্যতের ব্লুপ্রিন্ট তৈরি করার লক্ষ্যে 'নিসান ইভি৩৬জিরো' তিনটি উদ্যোগকে একসঙ্গে জুড়বে, ইলেক্ট্রিক ভেহিকেল, রিনিউয়েবল এনার্জি ও ব্যাটারি প্রোডাকশন। ইউকে'র প্রধানমন্ত্রী বরিস জনসন সান্ডারল্যান্ডে নিসানের উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। এই প্রকল্পের সাফল্যের ব্যাপারে আশা প্রকাশ করেছেন নিসানের প্রেসিডেন্ট ও সিইও মাকোতো উচিদা ও নিসানের সিও ও অশ্বনী গুপ্তা।


# ব্রিটিশ কাউন্সিলের আইইএলটিএস হস্তান্তর

**কলকাতা:** বিশ্বের সর্বাধিক জনপ্রিয় ইংলিশ ল্যাঙ্গুয়েজ টেস্ট আইইএলটিএস-এর দুই অংশীদার আইডিপি ও ব্রিটিশ কাউন্সিল এক ঘোষণায় জানিয়েছে, ব্রিটিশ কাউন্সিল ভারতে তাদের আইইএলটিএস বিজনেস বিক্রয় করবে আইডিপি'র কাছে। এরফলে ভারতে সকল আইইএলটিএস টেস্টের দায়িত্ব বর্তাবে আইডিপি'র ওপর।

চুক্তির শর্তানুসারে আইডিপি ভারতে ব্রিটিশ কাউন্সিলের আইইএলটিএস বিজনেসের ১০০ শতাংশ অধিগ্রহণ করবে ১৩০ মিলিয়ন পাউন্ডে, যা ডেট ফ্রী ও ক্যাশ ফ্রী ভিত্তিতে হবে। এছাড়া ভারতে আইইএলটিএস-এ কর্মরত ব্রিটিশ কাউন্সিলের কর্মীরা আইডিপি টিমের অন্তর্ভুক্ত হয়ে যাবেন। আইইএলটিএস (ইন্টারন্যাশনাল ইংলিশ ল্যাঙ্গুয়েজ টেস্টিং সিস্টেম) হল স্টাডি ও মাইগ্রেশনের ক্ষেত্রে বিশ্বের সর্বাধিক জনপ্রিয় ইংলিশ ল্যাঙ্গুয়েজ টেস্ট। এর ওপরে বিশ্বের ১০,০০০-এরও বেশি সংস্থা ভরসা রাখে 'ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি'র এক নিশ্চিত ও বিশ্বস্ত ইন্ডিকেটর হিসেবে।

আইডিপি'র সিইও অ্যান্ড্রু বার্কলা এবং ব্রিটিশ কাউন্সিলের ইন্টারিম সিইও কেট এওয়ার্ট-বিগস আইইএলটিএস হস্তান্তর বিষয়ক চুক্তিকে স্বাগত জানিয়েছেন।

# ভি অ্যাপের মাধ্যমে ভ্যাক্সিন স্লট




**শিলিগুড়ি:** বর্তমান পরিস্থিতিতে কোভিড-১৯ ভাইরাস সংক্রমণ প্রতিরোধের জন্য ভ্যাক্সিন গ্রহণ করা খুবই গুরুত্বপূর্ণ। ভ্যাক্সিন গ্রহণের প্রক্রিয়াটিকে সহজ করার জন্য ভি (Vi) তাদের গ্রাহকদের স্বার্থে ভি অ্যাপের সঙ্গে কোউইন অ্যাপের সংযোগ গড়ে নিয়েছে, ফলে ভ্যাক্সিন স্লট খুঁজে পাওয়া সহজতর হবে। ভি গ্রাহকরা ভি অ্যাপে ভ্যাক্সিনের স্লট খুঁজতে ও নোটিফিকেশন অ্যালার্ট নির্দিষ্ট করতে পারবেন। ভি গ্রাহকদের এখন থেকে আর তাদের ফোন ছাড়া অন্য কোথাও কোভিড-১৯ ভ্যাক্সিনেশন অ্যাপয়েন্টমেন্টের জন্য যেতে হবে না।

ভি গ্রাহকরা ভি অ্যাপের মাধ্যমে তাদের বয়সের গ্রুপ, ভ্যাক্সিনের নাম (কোভিশিল্ড, কোভ্যাক্সিন, স্পুটনিক ভি), ডোজ, পেইড/ফ্রী ইত্যাদি তথ্য জানিয়ে নিকটবর্তী স্থানে প্রাপ্তব্য স্লটের সন্ধান পেতে পারবেন। ভি অ্যাপে নথিভুক্ত গ্রাহকদের জানিয়ে দেওয়া হবে তাদের এলাকার কোথায় ও কখন ভ্যাক্সিন স্লট পাওয়া যাবে। এই পরিষেবার সুবিধা নিতে পারবেন ভি প্রিপেইড ও পোস্টপেইড গ্রাহকরা।

# ফের খুলছে কল্যাণ জুয়েলার্সের সব শোরুম

**গুয়াহাটি:** ভারতের সর্বত্র ধাপে ধাপে সব শোরুম আবার খুলতে চলেছে কল্যাণ জুয়েলার্স। গ্রাহকদের জন্য আয়োজিত হচ্ছে 'বিগ ডিসকাউন্ট মেলা', যেখানে নিরাপদ পরিবেশে নানারকম ডিসকাউন্ট ও অফারের সুবিধা নিতে পারবেন গ্রাহকরা। 'বিগ ডিসকাউন্ট মেলা' উপলক্ষে থাকবে মোট ১০০ কোটি টাকার 'ইনস্ট্যান্ট রিডীমেবল ভাউচার'। গ্রাহকরা গোল্ড জুয়েলারির মেকিং চার্জে ২৫ শতাংশ পর্যন্ত ডিসকাউন্ট ও ডায়মন্ড জুয়েলারিতে ২৫ শতাংশ পর্যন্ত ডিসকাউন্ট পাবেন। আনকাট ও প্রেশাস স্টোন জুয়েলারি ক্রয়ে পাওয়া যাবে ২০ শতাংশ অবধি ডিসকাউন্ট। বছরের অন্যসময়ে কেনাকাটার জন্য মাত্র ১০ শতাংশ অ্যাডভান্স জমা দিয়ে 'গোল্ড রেট প্রোটেকশন' অফারের সুবিধা নেওয়া যাবে। গ্রাহক ও কর্মীদের নিরাপদে রাখার জন্য সবরকম ব্যবস্থা নিয়েছে কল্যাণ জুয়েলার্স। দেশের সব শোরুমে 'বিগ ডিসকাউন্ট মেলা' চলবে আগস্টের শেষ অবধি।

# মহিলাদের পাশে মাইক্রোফিনান্স ইন্ডাস্ট্রি

**দার্জিলিং:** প্রায় দুই দশক ধরে মাইক্রোফিনান্স ইন্ডাস্ট্রি 'লো ইনকাম' ও 'আন্ডার-সার্ভড' গ্রুপের মহিলাদের সাহায্য করে চলেছে যাতে তারা দায়মুক্ত সহজ ঋণের সুযোগ নিতে পারেন। ঋণগ্রহীতা মহিলাদের কঠিন সময়ে মাইক্রোফিনান্স ইনস্টিটিউশনগুলি তাদের পাশে দাঁড়ায় এবং সার্বিক উন্নতিতে নানাভাবে সহায়তা প্রদান করে। গ্রামীণ এলাকায় মহিলাদের দক্ষতা উন্নয়ণ, শিশুদের শিক্ষার ব্যবস্থা ও পরিকাঠামো উন্নয়নে মাইক্রোফিনান্স ইন্ডাস্ট্রি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

মাইক্রোফিনান্স ইনস্টিটিউশনস নেটওয়ার্ক সূত্রে জানা গেছে, মহিলাদের দক্ষতা উন্নয়ণ, শিশুদের শিক্ষার ব্যবস্থা ও পরিকাঠামো উন্নয়নে সহায়তা প্রদানের জন্য যেসব মাইক্রোফিনান্স সংস্থা কর্মরত রয়েছে সেগুলির মধ্যে আছে সাটিন ক্রেডিটকেয়ার নেটওয়ার্ক, নর্ডিক মাইক্রোফিনান্স ইনিশিয়েটিভ, জনা স্মল ফিনান্স ব্যাংক, উজ্জীবন স্মল ফিনান্স ব্যাংক, ফিউশন মাইক্রোফিনান্স, আরোহণ ফিনান্সিয়াল সার্ভিসেস, চৈতন্য ইন্ডিয়া ফিন ক্রেডিট টিম, সেন্ট্রাম মাইক্রোক্রেডিট, জাগরণ মাইক্রোফিন এবং ইএসএএফ স্মল ফিনান্স ব্যাংক।

# অ্যামাজন ইকো শো ১০ ও ইকো শো ৫

**কলকাতা:** দুইটি নতুন ইকো শো লঞ্চ করলো অ্যামাজন। সম্পূর্ণ নতুন ইকো শো ১০-এ রয়েছে ১০.১ ইঞ্চি এইচডি ডিসপ্লে, ১৩ মেগাপিক্সেল ফ্রন্ট ফেসিং ক্যামেরা, প্রিমিয়াম সাউন্ড ও ইন্টেলিজেন্ট মোশন, যা ডিসপ্লে'কে ব্যবহারকারীর দিকে ঘুরিয়ে দেয় যখন তিনি আলেক্সার সঙ্গে কথাবার্তা চালান। এরফলে দর্শক কখনও তার ফেবারিট শো বা ভিডিয়ো কলের একটি মুহূর্তও মিস করবেন না। সঙ্গীত উপভোগের জন্য নতুন ইকো শো ১০ এক উত্তম সঙ্গী।

অ্যামাজনের জনপ্রিয় স্ক্রিন-সহ স্মার্ট স্পিকারের আপগ্রেড হল ইকো শো ৫। এতে রয়েছে কম্প্যাক্ট ৫.৫ ইঞ্চি ডিসপ্লে, ভিডিয়ো কলিংয়ের জন্য এইচডি ক্যামেরা। ইকো শো ৫ তিনটি কলারে পাওয়া যায়, ব্ল্যাক, হোয়াইট ও ব্লু। এতে থাকা ড্রপ-ইন ফিচার দ্বারা ব্যবহারকারী ইন্টারকমের মতো ইন্সট্যান্ট কনভার্সেশন শুরু করতে পারেন বিভিন্ন ডিভাইস বা আলেক্সা কনট্যাক্টদের সঙ্গে।

নতুন ইকো শো ১০ (ব্ল্যাক) পাওয়া যাবে ২৪,৯৯৯ টাকায় (http://www.amazon.in/Echo show10)। ইকো শো ৫-এর দাম ৮,৯৯৯ টাকা, তবে ডিসকাউন্টেড মূল্য ৬,৯৯৯ টাকায় পাওয়া যাবে (http://www.amazon.in/Echo show5)।

# LAC-তে একতরফা পরিবর্তন বরদাস্ত করা হবে না, চিনকে বার্তা জয় শংকরের



প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর কোনওরকম একতরফা পরিবর্তন বরদাস্ত করা হবে না। সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) অন্তর্ভুক্ত দেশগুলির বিদেশমন্ত্রীদের সম্মেলনে ফাঁকেই চিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে এমনই কড়া বার্তা দিলেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শংকর।

গত বছরের সেপ্টেম্বরের পর এই প্রথম সামনা-সামনি চিনা বিদেশমন্ত্রী ওয়াং ইয়ের সঙ্গে বৈঠক করেন ভারতীয় বিদেশ মন্ত্রী। তাজিকিস্তানের রাজধানীতে সেই বৈঠকের পর টুইটারে জয়শংকর বলেন, 'ওয়েস্টার্ন সেক্টরে প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনায় জোর দেওয়া হয়। (চিনকে) জানানো হয়েছে যে প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর কোনওরকম একতরফা পরিবর্তন একেবারেই গ্রহণযোগ্য নয়।

২০২০-এর মে'তে পূর্ব লাদাখ সীমান্ত বরাবর ভারত এবং চিনের দ্বন্দ্ব শুরু হয়ে। মুখোমুখি হওয়ার পাশাপাশি ১৫ জুন গালওয়ান উপত্যকায় ভারতীয় এবং চিনা সেনার সংঘর্ষ হয়েছিল। তাতে ২০ জন ভারতীয় জওয়ান মারা গিয়েছিলেন। চিনের তরফে যথারীতি হতাহতের সংখ্যা প্রকাশ করা হয়নি। তবে সংশ্লিষ্ট মহলের মতে, সেই সংখ্যাটা ৪৫-এর কম হবে না। পরে চলতি বছরের ফেব্রুয়ারিতে প্যাংগং লেকের উত্তর এবং দক্ষিণ সীমান্ত থেকে সেনা পিছনে সরিয়ে নেয় ভারত এবং চিন। সেইসঙ্গে প্রথম থেকেই ভারত স্পষ্ট জানিয়েছে, দ্বিপাক্ষিক সম্পর্ক ঠিক রাখার জন্য সীমান্ত শান্তি ফেরানো জরুরি।

# মোদি সরকারকে একহাত করলেন প্রাক্তন অর্থমন্ত্রী পি চিদম্বরম



মূল্যবৃদ্ধি ইস্যুতে মোদি সরকারকে হামলা করলেন প্রাক্তন অর্থমন্ত্রী ও কংগ্রেস নেতা পি চিদম্বরম। ১৩ জুলাই এআইসিসি দপ্তরে সাংবাদিক সম্মেলন করে তিনি বলেন, "দ্রব্যমূল্য বৃদ্ধি সাধারণ মানুষের মেরুদণ্ড ভেঙে দিয়েছে। দেশে বেকারত্ব ৮.১ শতাংশে পৌঁছেছে। এই সব কিছুর জন্য দায়ী প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি। তার সরকারের ভ্রান্ত নীতি মানুষকে খাদের কিনারে এনে দাঁড় করিয়েছে।"

কংগ্রেস নেতৃবৃন্দের মতে, দেশে আকাশছোঁয়া মূল্যবৃদ্ধির অন্যতম প্রধান কারণ হল পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি। বিগত কয়েক মাসে সম্ভবত এমন কোনো দিন নেই যেদিন পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি হয়নি। যার জেরে হু হু করে বাড়ছে জিনিসপত্রের দাম। দেশের প্রধান বিরোধী দল হিসেবে এই ইস্যুতে রাস্তায় নামতে চাইছে কংগ্রেস। উল্লেখ্য অন্যান্য ইস্যুর পাশাপাশি এই ইস্যুটি নিয়ে কংগ্রেস ছাড়াও সব হবে তৃণমূল এবং অন্যান্য বিরোধী দলগুলি।

কংগ্রেস নেতার কথায়, "করোনার কারণে কোন এক জায়গায় সম্মিলিত হয়ে প্রতিবাদ করা যাবে না। কিন্তু, মূল্যবৃদ্ধির প্রতিবাদে সই সংগ্রহ করা যেতে পারে। তাই করবে কংগ্রেস।"

একদিকে কংগ্রেস অন্যদিকে তৃণমূল কংগ্রেস, দুটি দলই পেট্রোপণ্য এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি ইস্যুতে সরব হতে চলেছে। যদিও বিরোধীদের এই সাঁড়াশি চাপের মোকাবিলায় তৈরি হচ্ছে সরকারপক্ষও। সদ্য রদবদল হওয়া মন্ত্রিসভার সদস্যদের বিরোধীদের প্রশ্নের জবাব দিতে তৈরি থাকতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী নওেন্দ্র মোদি।

# পুনাওয়ালার হাত ধরে আরো এক ভ্যাকসিন পেতে চলছে দেশ



দেশের করোনা পরিস্থিতিকে রোধ করার একমাত্র উপায় টিকাকরণ এবং বিধিনিষেধ। আর তাই সংক্রমণ রোধে প্রধান হাতিয়ার ভ্যাকসিনেই জোর দিতে চাইছে কেন্দ্র। টিকাকরণের নিরিখে সব রকম ভাবে পদক্ষেপ নিচ্ছে টিকা প্রস্তুত কারক সংস্থাগুলো। তাঁরই নিরিখে বড় ঘোষণা করলেন সেরাম ইনস্টিটিউটের আদর পুনাওয়ালা। এবার সেরাম ইনস্টিটিউটে তৈরি হবে রাশিয়ান কোভিড ভ্যাকসিন স্পুটনিক ভি। এক বছরে মোট ৩০ কোটি স্পুটনিক ভি ডোজ তৈরি করা হবে এখানে। আগামী মাস থেকেই শুরু হবে উৎপাদনের কার্যকলাপ।

কোভিডের তৃতীয় ঢেউ আসার আতঙ্কে কাঁপছে ভারত। তারই মধ্যে বর্তমানে করোনার দৈনিক সংক্রমণ নিম্নমুখী হওয়ায় ঘুরতে যাওয়ার ঝোঁক একধাক্কায় বেড়েছে অনেকটা। যা নিয়ে ইতিমধ্যেই উদ্বেগ প্রকাশ করেছেন খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। স্বাস্থ্যমন্ত্রকের তরফেও বারবার কোভিডবিধি মানতে সতর্ক করা হচ্ছে। এবার কোভিশিল্ড ও কোভ্যাক্সিনের সঙ্গে অতিরিক্ত পরিমাণ স্পুটনিক ভি ভ্যাকসিনও দেওয়া গেলে কোভিড মোকাবিলার দিকে এগোনো সম্ভব হবে বলেই আশা করা হচ্ছে।

# কেন্দ্রীয় সরকারি কর্মীদের মহার্ঘ ভাতা ২৮% বৃদ্ধি



কোভিড-১৯ এর কারনে গতবছর স্থগিত হয়েছিল মহার্ঘ ভাতা। ১৪ জুলাই কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর তা চালু করার ঘোষণা করলেন। অনুরাগ ঠাকুর জানান, ১ জুলাই থেকে কেন্দ্রীয় সরকারের কর্মীদের মহার্ঘ ভাতা ১৭ শতাংশ থেকে বাড়িয়ে করা হয়েছে ২৮ শতাংশ। তাতে অনুমোদনও দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা।

একটি প্রেস বিবৃতিতে কেন্দ্র সরকারি জানিয়েছে, "১ জুলাই থেকে কর্মীদের ও পেনশনভোগীদের ২৮ শতাংশ মহার্ঘ ভাতা পাবেন। বেসিক পে/পেনশনের উপরে মহার্ঘ ভাতা বর্তমানে ১৭ শতাংশ। তা ১১ শতাংশ বাড়ানো হল।"

এই সিদ্ধান্তের জেরে সরকারি কোষাগার থেকে খরচ হবে কমপক্ষে ৩৪ হাজার ৪০০ কোটি টাকা। করোনার জেরে গতবছর মহার্ঘভাতা স্থগিত করেছিল কেন্দ্রীয় সরকার। তা চালু হওয়ায় স্বস্তি পেলেন কেন্দ্রীয় সরকারের কর্মীরা। মনে করা হচ্ছে এর ফলে উপকৃত হবেন প্রায় ৪৮ লক্ষ ৩৪ হাজার সরকারি কর্মী এবং ৬৫ লক্ষ ২৬ হাজার পেনশনভোগী লোকেরা।

তিন পাতার পর

# রাজ্যসভায় যাক রবি

পরেই রবিবাবুর উপর প্রথমবার আর শেষবারের জন্য কিছুটা বিরূপ হন দলনেত্রী। পরাজয়ের দায়িত্ব স্বীকার করে জেলা সভাপতি পদ থেকে ইস্তফা দেন তিনি। আর ২০২১ নির্বাচনে জেলায় অপ্রত্যাশিত ভাবে খারাপ ফল হয় তৃণমূল কংগ্রেসের। শুধু মাত্র সিতাই ও মেখলিগঞ্জে রবিবাবুর অনুগামী বলে কথিত দুই প্রার্থী জয়ী হন। ৯টি আসনে ৭টি পরাজিত হয় তৃণমূল। এমনকি লোকসভায় এগিয়ে থাকা সিটেও। রবীন্দ্রনাথ ঘোষও নিজেও পরাজিত হন নাটাবাড়ি কেন্দ্রে।

আসলে রবিহীন দিশাহারা কোচবিহার জেলা নেতৃত্ব বিজেপির সাথে স্নায়ুর যুদ্ধে পেরে না উঠাতেই তৃণমূলের খারাপ ফল হয় বলে দলের অনেকের বিশ্বাস। তাদের বক্তব্য, রাজনৈতিক যুদ্ধের ময়দানে বুক চিতিয়ে লড়াই দিতে হয় সেনাপতিকে। তবেই উজ্জীবিত থাকে দলের কর্মীরা। সেই উদ্দীপনার অভাবেই সংগঠন থাকা সত্ত্বেও জেলায় ভালো ফল হয়নি তৃণমূলের। রবি অনুগামীরা এবিষয়ে নেতার প্রাজ্ঞতার কথা তুলে ধরেন। ২০০৯ সালে লোকসভা নির্বাচনে অল্প ব্যবধানে পরাজিত হয় তৃণমূল কংগ্রেস। দিনহাটা মহকুমা ছাড়া বাকি সব জায়গায় এগিয়ে ছিল তৃণমূল কংগ্রেস। হারলেও মুষড়ে পড়েন নি তিনি। বরং সেই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ২০১৪ সালের লোকসভার পরিকল্পনা করেন। ২০১১ সাল থেকে দিনহাটা বিধানসভাতে সকাল থেকে রাত অবধি পরিশ্রম করেন। দিনহাটার প্রভাবশালী ব্যক্তিদের তৃণমূলের প্রয়োজনীয়তা বোঝাতে সক্ষম হন। তা করতে গিয়ে বামেদের একদম শূল দৃষ্টিতে পড়েন তিনি। আবুতারায় প্রাণঘাতী হামলা হয় তাঁর উপরে। তবুও দমে না গিয়ে জোরকদমে প্রচার চালাতে থাকেন। বামেদের দল ভাঙ্গিয়ে সিতাই এলাকায় বর্তমান বিধায়ক জগদীশ বসুনীয়াকে দলে টেনে নেন। ২০১৩ সালে বামেদের দুর্গ দিনহাটা ভেঙ্গে তছনছ করে দেন তিনি। এই মহকুমায় ৮টি জেলা পরিষদে সব কটিতেই জয়ী হয় তৃণমূল। তিনটে পঞ্চায়েত সমিতিও দখল নেয় তৃণমূল। পরবর্তীতে লোকসভাতেও আর দাঁত ফোটাতে পারেনি বামেরা।

এইমুহূর্তে বিধানসভা নির্বাচনে বিজেপি ভালো ফল করে পৃথক রাজ্যের দাবিকে সুড়সুড়ি দিচ্ছে বলে অভিযোগ। ২০২৪ লোকসভাকে পাখির চোখ করে উত্তরবঙ্গের সব আসনে জেতার পরিকল্পনা করছেন তারা। সেইজন্য কেন্দ্রীয় মন্ত্রীসভায় নিশীথ প্রামানিকের অন্তর্ভুক্তি করতে চাইছে বিজেপি। আর বিজেপিকে ঠেকাতে তৃণমূলের প্রয়োজন অভিজ্ঞ অনুগত নেতৃত্বের। আর সেই বিকল্পের সেরা ঘোড়া নিঃসন্দেহে রবি ঘোষ। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে উত্তরবঙ্গে উন্নয়নের কান্ডারী ছিলেন রবিবাবু। সেই উন্নয়নের গাঁথা আর দাবি দিল্লীতে তুলে ধরতে রাজ্যসভায় রবিকে পাঠালে বঙ্গ বিচ্ছেদ যেমন আটকানো যাবে তেমনি এলাকায় শক্তিশালী হবে তৃণমূলের সংগঠন বলে রাজনৈতিক মহল মনে করছে।

তৃতীয় দফায় রাজ্যে তৃণমূল কংগ্রেস ক্ষমতায় এলেও আজও শিলিগুড়ি পৌরসভা অধরা। এবারে রাজ্যের প্রাক্তন মন্ত্রী গৌতম দেবকে সেনাপতি করে শিলিগুড়ি পুরসভায় ক্ষমতায় আসার স্বপ্ন দেখছে তৃণমূল কংগ্রেস। পাহাড়েও নিজেদের সংগঠন গোছাতে প্রাক্তন বাম বিধায়ক শান্তা ছেত্রীকে রাজ্যসভার সাংসদ করে পাঠানো হয়েছে দিল্লিতে। উত্তরবঙ্গে বিজেপি যেভাবে নিশিথ প্রামানিক, জন বারলা-দের সামনের সারিতে নিয়ে আসছে তাতে বিজেপিকে টক্কর দেওয়ার জন্য রবিবাবুই হতে পারেন তৃণমূলের মুখ। আর রাজ্যের সাবেক মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষকে রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের সদস্য করে পাঠালে তাঁর দলের প্রতি আনুগত্য তথা ত্যাগের প্রতি যোগ্য সম্মান প্রদর্শনও হবে বলে বিশেষজ্ঞরা মনে করছেন। পূরণ হতে পারে উত্তরবঙ্গে ফের ক্ষমতায় আসার তৃণমূলের স্বপ্ন।

প্রথম পাতার পর

# নক্ষত্রের উত্থান নাকি ধূমকেতু ...

২০১৩ সালে পঞ্চায়েত নির্বাচনে ভেটাগুড়িতে বামেদের উৎখাত করতে নেতৃত্ব দেয় নিশীথ প্রামাণিক। তরতাজা যুবক নিশীথ তখন তৃণমূলের ঝাণ্ডার তলায়। ভোটে জিতে উপপ্রধানও হন নিশীথ প্রামাণিক। রাজনৈতিক উচ্চাকাঙ্খার কারণেই নাকি নিশীথের সাথে স্থানীয় নেতৃত্বের সংঘাত শুরু হয়। সেইসময় কোচবিহারের তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি ছিলেন রবীন্দ্রনাথ ঘোষ। কথিত, রবিপন্থীদের সাথে একা পেরে না ওঠে রবির বিরোধী গোষ্ঠীর তৃণমূল যুব নেতা প্রয়াত রানা বোসের শিবিরে নাম লেখায় নিশীথ। রানা বোসের ঘনিষ্ঠ হিসেবেই কোচবিহারে পরিচিতি বাড়তে থাকে নিশীথের। রানা বোসের অকাল প্রয়াণে যুব সংগঠনের রাশ নিজের হাতে নেওয়ার চেষ্টা চালান নিশীথ প্রামাণিক। সম্ভবত সেইসময় তাকে অনেকটাই সুযোগ দেন অভিষেক ব্যানার্জী। আর এরপরেই কোচবিহারের তৃণমূলের যুব-মাদার সংঘর্ষ নিত্য দিনের বিষয় হয়ে উঠে। সেই বিরোধই চরমে উঠে ২০১৮ সালে পঞ্চায়েত নির্বাচনে।

অনেক জায়গায় টিকিট না পেয়ে নিশীথপন্থীরা পঞ্চায়েত নির্বাচনে দলীয় প্রতীক ছাড়াই লড়াই করে। তখন যুবদের মুখে ছিল স্লোগান "জো জিতা ওহি সিকান্দার"। ফলস্বরূপ বোমা বারুদের গন্ধে একপ্রকার নাকি রণক্ষেত্রে পরিণত হয় কোচবিহার। দিনহাটায় মাদারের আবু হক নামে এক তৃণমূল কর্মী খুন হন। সেই মামলায় প্রধান অভিযুক্ত হন বর্তমানের কোচবিহারের সাংসদ। তবে নির্বাচনে একাধিক গ্রাম পঞ্চায়েত ও দিনহাটা-১ পঞ্চায়েত সমিতি দখল করে নিশীথ অনুগামীরা। নিশীথের দাপটে আকাশে অনেকটাই ঢাকা পরে 'রবি'র কিরণ। ভোটের কিছুদিন পরেই কোলকাতায় যুবনেতা অভিষেকে বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন পালনের জন্য ১০০ কেজি ওজনের কেক উপহার দেন নিশীথ। ভেটাগুড়িতে ধুমধাম করে বলিউড শিল্পী এনে গণেশ পুজাও করেন। এদিকে কিছুতেই তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষে লাগাম পড়ানো যাচ্ছিল না। তিতিবিরক্ত দলের শীর্ষনেতৃত্ব অতএব নিশীথকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়। তৎকালীন যুব তৃণমূলের সভাপতি তথা বর্তমানে কোচবিহার জেলা সভাপতি পার্থপ্রতীম রায় ফেসবুকে রীতিমত পোষ্ট করে নিশীথকে বহিষ্কারের সিদ্ধান্ত ঘোষণা করেন। সেই রাতেই কোচবিহার ছেড়ে একপ্রকার অজ্ঞাতবাসে যাত্রা করেন তিনি। এরপরে বিজেপির লোকসভায় প্রার্থী হয়ে প্রকাশ্যে কোচবিহারে ফেরেন নিশীথ। নির্বাচনের সময় এক জনপ্রিয় বাংলা খবরের চ্যানেলে রবিবাবুর সাথে নিশীথ প্রামাণিকের তরজা ঘিরে উত্তপ্ত হয়ে উঠে সভা। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। নিশীথ প্রামানিকের সমর্থনে কোচবিহারে প্রচারে আসেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, খুলে যায় নিশীথের জোরদার দিল্লি লবি। নির্বাচনে জয়ী হন নিশীথবাবু। আর তখন থেকেই প্রধানমন্ত্রীর সুনজরে এই তরুণ নেতা। অন্যদিকে লোকসভায় তৃণমূল পরাজিত হতেই কোচবিহারে 'রবি'র দাপট অস্তাচলে যেতে থাকে। হারান ২২ বছরের পুরনো জেলা সভাপতির পদ।


এদিকে এবারে আবার বিধানসভা নির্বাচনেও দিনহাটায় বিজেপি প্রার্থী করে নিশীথ প্রামাণিককে। স্বল্প ভোটে হলেও জয়ী হয়ে নিজের মানরক্ষা করেন তিনি। বিধানসভায় জয়ী হয়েও পরে দলের নির্দেশে বিধায়ক পদ থেকে ইস্তফা দেন তিনি আর এবারের কেন্দ্রীয় মন্ত্রীসভায় রদবদলে নিজের জায়গা করে নেন তিনি। এক গ্রাম্য যুবকের এটি এককথায় এক স্বপ্নের উত্থান।

শুরু থেকেই নিশীথ প্রামাণিককে ঘিরে অরাজনৈতিক বিতর্কও কিন্তু কম তৈরি হয়নি। রাজনীতি জড়ানোর আগে আলিপুরদুয়ারের বীরপাড়ায় সোনার দোকানে চুরির ঘটনায় নাম জড়ায় তাঁর। সেই ঘটনায় সম্প্রতি আরও এক অভিযুক্তকে গ্রেপ্তার করেছে রাজ্য পুলিশ। সেই মামলা চলছে আজও। তৃণমুল কর্মী আবু হক হত্যার প্রধান আসামীও নাকি তিনি। কথিত খুন, চুরি, বেআইনী অস্ত্র রাখা সহ একাধিক মামলা রয়েছে তাঁর বিরুদ্ধে। ভেটাগুড়িতে লক্ষ লক্ষ টাকা খরচ করে গণেশ পুজো করেন তিনি। সেই পুজোর অনুষ্ঠানে টলিউড, বলিউডের একাধিক শিল্পী এসেছিলেন। তার ঘোষিত সম্পত্তির পরিমাণই নাকি এখন ছাড়িয়েছে কোটি টাকা। পেশায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হয়ে পেশাদার জীবন শুরু করা নিশীথ এত টাকা খরচ করে কিভাবে গণেশ পুজো করেছিলেন সেটা নিয়ে প্রশ্ন ওঠে। নিশীথ প্রামাণিকের ব্যবহৃত একাধিক দামী গাড়ি সহ বৈভবময় জীবনযাপনের টাকার উৎস নিয়ে বার বার প্রশ্ন তুলেছে বিরোধীরা। নিশীথ প্রামাণিকের মন্ত্রী হওয়ার পরে তাঁর শিক্ষাগত যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছে রাজ্যের শাসক দল। তাদের বক্তব্য, লোকসভা নির্বাচনে হলফনামায় শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক দিয়েছিলেন তিনি। কিন্তু এখন লোকসভার ওয়েবসাইটে তাঁর যোগ্যতা বিসিএ দেওয়া। কবে কিভাবে অর্জন করলেন তিনি তাঁর এই অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা? আবার কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর আদিবাড়ী বাংলাদেশে কিনা সেই নিয়েও চাঞ্চল্যকর বিতর্ক শুরু হয়েছে। বাংলাদেশের গাইবান্ধ্যায় পলাশবাড়ীতে নিশীথ প্রামাণিকের আদিবাড়ী বলে সোস্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া একটি পোস্টকে ঘিরে রীতিমত শোরগোল পরে গিয়েছে। তিনি নিজে দাবী না করলেও তাঁর রাজবংশী পরিচয় নিয়েও রয়েছে প্রশ্ন। মন্ত্রীত্ব প্রাপ্তির সময়েও একাধিক ন্যাশানাল মিডিয়া ফলাও করে প্রচার করেছে তাঁর রাজবংশী জনজাতির প্রতিনিধিত্ব করার পরিচয়। পাশাপাশি নিশীথ প্রামাণিকের জনসংযোগ নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে। বিজেপির অন্দরেই অনেকের দাবী এলাকায় সাংসদের দেখাই পাওয়াই ভার। তিনি সবসময় দিল্লির অলিন্দ মুখী। জরুরি প্রয়োজনেও তারসাথে যোগাযোগ করা বেশ মুশকিল। জনসংযোগের অভাবেই বিগত লোকসভায় সংখ্যার বিচারে নাকি অনেকটা এগিয়ে থাকা দিনহাটার বিধানসভা নির্বাচনে কোনক্রমে জয় হাসিল করতে সম্ভব হয়েছে বিজেপি। অথচ সেইসময় পিছিয়ে থাকা শিতলখুচি কেন্দ্রেও এসেছে অনায়াসে জয়। মন্ত্রী হওয়ার পরে জনগণের নাকি আরোও ধরাছোঁয়ার বাইরে চলে যেতে পারেন নিশীথ প্রামাণিক, অনেকের আশঙ্কা এখন সেটাই।

মোদ্দাকথা, লোকসভা নির্বাচনে নিশীথ প্রামাণিকের সাফল্য চোখ ধাঁধিয়েছে সবার। এমনকি খোদ মোদি-শা জুটিরও। এসেছে মন্ত্রীত্বের পুরষ্কার। তরুণতুর্কী এই নেতার হাতে দোদন্ডপ্রতাপ রবীন্দ্রনাথ ঘোষের প্রার্থীর পরাজয়ের পর থেকেই অনেকে নিশীথকে রাজনৈতিক লম্বা রেসের ঘোড়া বলে ভাবতে করতে শুরু করেছিলেন। একইসাথে আবার আশঙ্কাও, ধূমকেতুর মতই মিলিয়ে যাবেনাতো তাঁর এই উত্থান? রাজ্যের শাসকদল যেভাবে নিশীথ প্রামাণিকের অপরাধ জগতের সাথে যোগাযোগ সহ তাঁর নাগরিকত্ব ইস্যুতে আন্দোলন জোরদার করছে তাতে সেই সাঁড়াশির চাপ আলগা করা নিশীথের পক্ষে অতটা সহজ হবেনা বলেই মনে করছে তথ্যভিজ্ঞ মহল। আপততঃ এই চ্যালেঞ্জের মোকাবিলা করার জন্য সরকারি ও সাংবিধানিক অনেক রক্ষাকবচ কাজ করলেও ভবিষ্যতে এই চ্যালেঞ্জ তাঁকে কড়া ট্যাকেল দেবে অবশ্যই। কেননা, ২০২৪ লোকসভা নির্বাচনে বিজেপি কেন্দ্রে ক্ষমতায় ফিরতে না পারলে কিংবা নিশীথ প্রামাণিক নিজে জিততে না পারলে রাজ্যের শাসকদলের সাথে তাঁর লড়াই যে অনেকটাই কঠিন হয়ে পড়বে তা বলাই বাহুল্য। তিনি কি তখন আবার হবেন দলবদলু!

বিবিধ অভিযোগ-অপরাধযোগের বাধা কাটিয়ে আপাততঃ রাজনীতির লম্বা দৌড়ে নিশীথ কতটা পথ দৌড়তে পারবেন, কতটা জমিতে সুফসল ফলাতে পারবেন, সেসবই এখন কোটি টাকার প্রশ্ন। তিনি "নক্ষত্র" নাকি নিছকই এক ধূমকেতু, সেটি প্রমাণ করার দায়ভার একান্তই এখন তাঁর।

## প্রয়াত ১৯৮৩ বিশ্বকাপ জয়ী ভারতীয় দলের সদস্য যশপাল শর্মা



প্রয়াত হলেন প্রাক্তন ক্রিকেটার যশপাল শর্মা। ১৯৮৩ বিশ্বকাপে ভারতের 'ক্রাইসিস ম্যান' হিসেবে পরিচিত ছিলেন যশপাল। ১৩ জুলাই সকালে কার্ডিয়াক অ্যারেস্টে তিনি মারা যান যশপাল শর্মা। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৬।

এই দুঃসংবাদে ভেঙে পড়েছে ভারতীয় ক্রিকেট মহল। তাঁর মৃত্যুর খবর পেয়ে ভারতীয় দলের প্রাক্তন অধিনায়ক কপিল দেবও নিজের চোখের জল ধরে রাখতে পারেননি। পঞ্জাবের ৬৬ বছরের এই প্রাক্তন ক্রিকেটার ১৯৭৯ সালে ইংল্যান্ডের বিরুদ্ধে অভিষেক করেছিলেন। ৩৭টি টেস্টে দুটি শতরান সহ ১৬০৬ রান করেন। সেই সময়ের ভারতীয় মিডল অর্ডারে ভরসাযোগ্য খেলোয়াড় ছিলেন যশপাল। একদিনের ক্রিকেটে ৪২টি ম্যাচ খেলেছিলেন যশপাল শর্মা, তিনি ২৮.৪৮ রানের গড়ে করেছিলেন ৮৮৩ রান।

১৯৮৩ বিশ্বকাপে সেমি ফাইনালে ইংল্যান্ডের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ ৬০ রানের ইনিংস খেলেন যশপাল, যার জেরে ভারত ফাইনালে ওঠে আর তারপর বিশ্বজয়ী হয়। সেই বিশ্বকাপে যশপাল শর্মা ৩৪.২৮ গড়ে ২৪০ রান করেছিলেন।

## ইংল্যান্ডেই দ্বিতীয় দফার কোভিড ভ্যাকসিন নিতে চলেছেন বিরাটরা

ভারতে করোনার ভ্যাকসিনের প্রথম ডোজ নিয়েই ইংল্যান্ডে পাড়ি দিয়েছিল ভারতীয় দল। প্রথম ডোজের পর এবার সময় হচ্ছে দ্বিতীয় ডোজের তাই ইংল্যান্ডেই আজ ৭ জুলাই ও শুক্রবার ৯ জুলাই ভারতীয় দলের ক্রিকেটারদের জন্য কোভিড ভ্যাকসিনেশনের দ্বিতীয় ডোজের ব্যবস্থা করা হয়েছে।

ইংল্যান্ড দলে ইতিমধ্যেই করোনার আতঙ্ক ছড়িয়ে পড়ায়, আর কোনও দেরি না করেই কোহলিদের জন্য দ্বিতীয় ডোজের ব্যবস্থা করেছে বিসিসিআই। জানা যায় এর মধ্যেই বেশ কিছু ইংরেজ ক্রিকেটার করোনা আক্রান্ত হয়েছে তাই পাকিস্তানের বিরুদ্ধে নামার আগে দলে বেশ কিছু পরিবর্তনও এনেছে ইংল্যান্ড।

ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজের আগে ভারত কাউন্টি একাদশের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচ খেলবে। শুরুতে করোনার কথা মাথায় রেখে কাউন্টি দলের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচের অনুমতি দেয়নি ইসিবি। শেষ পর্যন্ত বিসিসিআই-এর কথায় রাজি হয় ইসিবি। তবে কাউন্টি দলের যে সমস্ত প্লেয়াররা 'দ্য হান্ড্রেডে'এ অংশ নিচ্ছেন, তাঁদের বিরুদ্ধে ম্যাচ খেলতে পারবে না ভারত। অবশিষ্ট প্লেয়ারদের নিয়েই কাউন্টি একাদশ গড়ছে ইসিবি।

# মেসিদের চ্যাম্পিয়ন হওয়া স্বর্গ থেকে দেখছে মারাদোনা

সম্প্রতি আর্জেন্টিনার কোপা আমেরিকা জয় দেখে খুব আনন্দ পেয়েছেন জুনিয়র। নিজে সর্বোচ্চ পর্যায়ে ফুটবল খেলতে না পারলেও বিচ ফুটবল খেলেছেন ইতালির হয়ে। ইতালিয়ান সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন, আর্জেন্টিনার এই জয় প্রয়োজন ছিল। লিওনেল মেসির দেশের জার্সিতে একটা ট্রফি দরকার ছিল। মারাদোনা জুনিয়র স্পষ্ট জানিয়েছে তাঁর বাবা মেসিকে প্রচন্ড স্নেহ করতেন। সমালোচনা করলেও মন থেকে মেসিকে ছেলের মত ভালবাসতেন। বেঁচে থাকলে এই সাফল্য দেখলে খুশি হতেন দিয়েগো মারাদোনা।

সাধারণ মানুষ এবং মিডিয়া যেভাবে সব সময় মারাদোনার সঙ্গে মেসির তুলনা করে এসেছে সেটা



মেসির প্রতি চূড়ান্ত অন্যায় হয়েছে বলে মনে করেন তিনি। মেসি শুধু অত্যন্ত ভাল ফুটবলারই নন, একজন খুব ভাল মানুষও। কোপা আমেরিকা জয় করে আপাতত সমালোচনার জবাব দিয়েছেন আর্জেন্টাইন কিংবদন্তি।

জুনিয়র মনে করেন দিয়েগো মারাদোনার মতোই আর দ্বিতীয় লিওনেল মেসি খুঁজে পাওয়া সহজ নয়। আর্জেন্টিনা ভাগ্যবান দিয়েগোর পর মেসিকে পেয়েছে বলে। মেসি আর্জেন্টিনার জাতীয় সংগীত গাইতে পারেন না বলে অনেকে সমালোচনা করতেন। যাঁরা মেসির সমালোচনা করেন, তাঁরা ফুটবলের কিছুই বোঝেন না স্পষ্ট জানিয়েছেন তিনি। পাশাপাশি ইতালি ইউরোপ চ্যাম্পিয়ন হওয়ায় ডবল খুশি তিনি। স্পষ্ট জানিয়েছেন বাবার দেশ আর্জেন্টিনা, মায়ের ইতালি। দুজনেই চ্যাম্পিয়ন।

# ইংল্যান্ডের পেনাল্টি পাওয়া নিয়ে জোর বিতর্ক

ইউরো কাপের সেমিফাইনালে ৮ জুলাই ডেনমার্ককে হারিয়ে প্রথমবার ইউরো কাপের ফাইনালে ইংল্যান্ড। ট্রফি জয়ের থেকে এখন মাত্র একধাপ দূরে রয়েছেন হ্যারি কেনরা। ৫৫ বছর পর কোনও বড় টুর্নামেন্টের ফাইনালে খেলবে ইংল্যান্ড। কিন্তু এই সবের মধ্যেও বিতর্কে ইংল্যান্ডের দল, কাঠগড়ায় ম্যাচের রেফারি। ম্যাচের অতিরিক্ত সময়ে ইংল্যান্ডের পেনাল্টি পাওয়া নিয়ে শুরু হয়েছে নানান বিতর্ক।

সমস্যাটি তৈরি হয়েছে মাঠে খেলা চলাকালীন একইসঙ্গে দুটি বল থাকাকে নিয়ে। ইংল্যান্ডের রহিম স্টার্লিং যখন বল নিয়ে ডেনমার্কের বক্সে ঢুকছিলেন, তখন মাঠে ছিল দুটি বল। একটা স্টার্লিংয়ের পায়ে, অন্যটি কর্নার ফ্ল্যাগের কাছে। নিয়ম অনুযায়ী মাঠে দুটি বল থাকলে সঙ্গে সঙ্গে খেলা থামানো উচিৎ রেফারির। সেটা তিনি করেননি, পাশাপাশি ডেনমার্কের ডিফেন্ডার ফাউল করার পরেই পেনাল্টিও পেয়ে যায় ইংল্যান্ড। অনেকেই দাবি করেছেন ইচ্ছে করে পড়ে গিয়েছেন ইংল্যান্ডের ফুটবলার। এরপর হ্যারি কেন যখন পেনাল্টি নিতে যান, সেইসময়ও ডেনমার্কের গোলকিপার স্কিমিচিলের দিকে সবুজ রংয়ের লেজার ফেলে তাঁর মনঃসংযোগ নষ্ট করার চেষ্টাও করা হয় বলে অভিযোগ।

# সব জল্পনার অবসান করে বায়োপিকে সম্মতি দিলেন 'দাদা'



এবার বিনোদের রুপোলি পর্দায় আসতে চলেছে বাঙ্গালীর গর্ব। অবশেষে নিজের বায়োপিকের সম্মতি দিলেন দাদা। তৈরি হতে পারে প্রাক্তন ভারত অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়ের জীবনচিত্র। জল্পনা ছিল সৌরভের চরিত্রে অভিনয় করতে পারেন হৃতিক রোশন, তবে এখন উঠে আসছে রণবীর কপূরের নাম। এর আগে জনপ্রিয় অভিনেতা সঞ্জয় দত্তের চরিত্রেও অভিনয় করছিলেন রণবীর। ছবিটি বক্স অফিসেও খুব বড় হিট ছিল।

বলিউডে বিগ বাজেটে তৈরি হতে চলেছে সৌরভের বায়োপিক। শোবিজের দুনিয়ার অন্যতম নামী ব্র্যান্ড ভিয়াকম -এর ব্যানারে তৈরি হবে এই বায়োপিক। ছবির বাজেট প্রায় ২০০ থেকে ২৫০ কোটি টাকার মধ্যে হতে পারে এমনটাই জানা যাচ্ছে। ইতিমধ্যে বায়োপিকের স্ক্রিপ্ট লেখার কাজও অনেকটাই এগিয়ে গেছে। প্রসঙ্গত, বাইশ গজের তারকাদের নিয়ে বলিউডে বায়োপিক বরাবরই ফেমাস। মহেন্দ্র সিং ধোনির বায়োপিকে ধোনির চরিত্রে সুশান্ত সিং রাজপুত। '৮৩ তে কপিল দেবের চরিত্রে রণবীর সিং।

১৯৯৬ সালে শতরান দিয়ে অভিষেক, স্টিভ ওয়-র অস্ট্রেলিয়ার বিজয় রথ থামিয়ে দেওয়া, লর্ডসের বারান্দায় জামা ওড়ানো থেকে ২০০৩ সালে বিশ্বকাপ জয়ের মুখ থেকে ফিরে আসা। দল থেকে বাদ যাওয়া এবং রাজকীয় ভঙ্গিতে ফিরে আসা। বর্তমানে ভারতীয় বোর্ড প্রধান সৌরভের জীবনে নানান ওঠাপড়া। অভিষেক টেস্টে সেঞ্চুরি থেকে ন্যাটওয়েস্ট জয়ের পর লর্ডসের গ্যালারিতেই জামা খুলে ওড়ানো। এমন একটা সময়ে সৌরভ অধিনায়কের দায়িত্ব নিয়েছিলেন, যখন ভারতীয় ক্রিকেট রীতিমতো টালমাটাল অবস্থার মধ্যে দিয়ে যাচ্ছিল। সৌরভের হাত ধরে ভারতীয় ক্রিকেটের উত্তরণ। ভারতীয় ক্রিকেটের অন্যতম সেরা অধিনায়কের বায়োপিকটাও অন্যতম সেরা হয়ে থাকবে বলেই বলা হচ্ছে।

# বিড়ির প্যাকেটে মেসি ও রোনাল্ডোর প্রতিকৃতি! ট্যুইটারে হাসির রোল

কোপা জেতার পর এবার বিড়ির প্যাকেটে ব্যবহার করা হল লিওনেল মেসির মুখ। বিড়ির প্যাকেটে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর মুখ ব্যবহার হয়েছিল আগেই। জানা গেছে মুর্শিদাবাদের ধুলিয়ানের একটি বিড়ি প্রস্তুতকারী সংস্থা তাদের প্যাকেটে ব্যবহার করছে মেসির নাম এবং ছবি। উল্লেখ্য, রোনাল্ডো বিড়িও মুর্শিদাবাদেই তৈরি হয়েছিল।

এই বিড়ির প্যাকেটের ছবি শুধু মুর্শিদাবাদেই সীমাবদ্ধ না থেকে, ছড়িয়ে পড়েছে বিশ্বজুড়ে। যা দেখে ট্যুইটারেও একাধিক লোক মন্তব্য করেন, তার মধ্যে একজন লেখেন, 'ভারতে এটাই মেসির প্রথম বিজ্ঞাপন।' অন্য একজন লিখেছেন, 'দারুন সাফল্য। কোপা জিতেই বিজ্ঞাপন পেয়ে গেলেন মেসি।' মেসির একাধিক ব্যক্তিগত সাফল্য, ছয় বারের ব্যালন ডি'অর জয়, বার্সেলোনার হয়ে একাধিক ট্রফি, আন্তর্জাতিক মঞ্চে আর্জেন্তিনার হয়ে কোপা জয়ের পর এমন কাণ্ডে বেশ মজা পেয়েছেন নেটিজেনরা।




# "আপনার সঙ্গে বসে আমি আইসক্রিম খাবো", পিভি সিন্ধুকে কথা দিয়েছেন প্রধানমন্ত্রী



দিনকয়েকেই শুরু হচ্ছে টোকিও অলিম্পিক বিশ্বজুড়ে অ্যাথলিটরা তাদের চূড়ান্ত প্রস্তুতি সেরে ফেলেছেন। অলিম্পিকে এবার ভারতের হয়ে ব্যাডমিন্টনে সোনার পদক জেতার প্রবল সম্ভাবনা রয়েছে পিভি সিন্ধুর। ২০১৬ রিও অলিম্পিকে ব্যাডমিন্টনের ফাইনালে স্পেনের ক্যারোলিন মারিনের কাছে হেরে রূপোর পদক পেয়েছিলেন। তার পর থেকেই সিন্ধু বলে আসছেন, অলিম্পিকে সোনার পদক না জেতা পর্যন্ত তিনি শান্তিতে ঘুমাতে পারবেন না।

অ্যাথলিটদের জীবনে অনুশীলনের পাশাপাশি একটি গুরুত্বপূর্ণ বিষয় হল ডায়েট। এদিন সেই ব্যাপারে সিন্ধু বললেন, অলিম্পিক শুরু হওয়ার অন্তত এক বছর আগে থেকেই স্পেশাল ডায়েটে থাকতে হয়। পিভি সিন্ধু জানিয়েছিলেন, তাঁর কোচ পুল্লেলা গোপিচাঁদ অলিম্পিক শুরুর কয়েক মাস আগে থেকেই মোবাইল জমা রেখে দিয়ছিলেন এবং অলিম্পিকের বেশ কয়েক মাস আগে থেকেই সিন্ধুকে আইসক্রিমও খেতে দেননি। অলিম্পিকের আগে এমন অনুশাসনের মধ্যে থেকে কিন্তু ফল পেয়েছিলেন সিন্ধু। সোনার পদক না জিতলেও ভারতের প্রথম ব্যাডমিন্টন প্লেয়ার হিসেবে অলিম্পিকে রুপো পেয়েছিলেন তিনি।

টোকিও অলিম্পিকে ভারতীয় অ্যাথলিটদের মনোবল বাড়াতে তাঁদের সঙ্গে কথা বলছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেই সময়ে প্রধানমন্ত্রী বলেন, সিন্ধু জি আপনার বাবা-মা আপনার জন্য অনেক আত্মত্যাগ করেছেন। আপনি আজ যেখানে পৌঁছেছেন সেখানে পৌছানো সহজ কথা নয়। বাবা-মা তাঁদের কাজ করেছেন। এবার নিজের দেশকে গর্বিত করুন। আরো বেশি পরিশ্রম করুন এবং আমি জানি আরও একবার আপনি অলিম্পিকে সফল হবেন। আপনি অলিম্পিক থেকে ফিরে আসার পর আপনার সঙ্গে বসে আমি আইসক্রিম খাবো, কথা দিলাম।

# টোকিও অলিম্পিক থেকে নাম তুলে নিলেন রজার ফেডেরার



হাঁটুর চোটের কারণে আবশেষে টোকিও অলিম্পিক থেকে নাম তুলে নিলেন সুইস মহাতারকা রজার ফেডেরার। উইম্বলডনে কোয়ার্টার ফাইনালে হেরে গিয়েছিলেন। এবার অলিম্পিক থেকে সরে দাঁড়ালেন সুইস ফেডেরার।

মঙ্গলবার ইনস্টাগ্রামে একটি পোস্ট করে টোকিও অলিম্পিক থেকে সরে দাঁড়ানোর কথা জানান ফেডেরার। তিনি জানান, উইম্বলডনে ঘাসের কোর্টে খেলার সময়েই হাঁটুতে চোট লাগে, সেই কারণেই অলিম্পিক থেকে নাম সরিয়ে নিতে তিনি বাধ্য হলেন। রজার আরও বলেন, সুইৎজারল্যান্ডের হয়ে নামতে সব সময়ই মুখিয়ে থাকি। তবে সুস্থ হওয়ার জন্য সব রকম ব্যবস্থা নিয়েছি। পরের গ্রীষ্মে যাতে ফিরে আসতে পারি। গোটা সুইৎজারল্যান্ড দলকে শুভেচ্ছা। দূরে থাকলেও আমি তোমাদের পাশে আছি।

উইম্বলডনে কোয়ার্টার ফাইনালে অত্যন্ত খারাপভাবে হারের পর ফেডেরারের-এর অবসর নিয়ে নেট দুনিয়ায় জল্পনা শুরু হয়ে গিয়েছে,। যদিও এই ব্যাপারে কিছুই বলেননি সুইস মহাতারকা।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপন পণ্ডিত কতৃক ডাউয়াগুড়ি, কলের পার, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১৫৬ থেকে প্রকাশিত এবং 'জনবার্তা' প্রিন্টিং প্রেস, দক্ষিণ খাগরবাড়ী, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১০১ থেকে মুদ্রিত।
● সম্পাদকঃ সন্দীপন পণ্ডিত ● Printed, Published and Owned by Sandipan Pandit and Printed at 'Janabarta' Printing Press, Dakshin Khagarbari, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code: 736101 and Published at Dawaguri, Kolerpar, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code – 736156● Editor: Sandipan Pandit, Tele-Fax : 0353-2431015 Website : www.purbottar.in, e-mail : contact@purbottar.in RNI No.: 71057/96